But how do we eliminate the logical possibility of two alternative ultra systems with one of with one of which a given statement is coherent, and the negation of the statement with the other undefeated system? It would be difficult to work out in detail such a situation in the case of singular judgements of perception. However, if the proposal being considered is a scientific hypothesis indirectly verified by experiment and which further is a member of a complex system of propositions, the dilemma, can be very real. Lehrer says surprisingly little to show that coherence, as undefeated justification, can overcome the standard objections. Two other difficulties that go with those we can easily preserve coherence by limiting our system. Secondly, we can suitably enlarge our system by offering new interpretations and reinterpretations system by offering new interpretations and reinterpretations and also by pleading illusion and hallucination in the case of troublesome perceptions. Bradley dismisses the first by saying that consistency without comprehensiveness is unstable and not worth having. He is right.

Of course, but, theoretically, we cannot lay down a limit beyond which such a procedure of immunising ourselves against error is irrational. The two difficulties are connected. The first, unless it is just closing of eyes to 'inconvenient facts', leads to the second and finally results in the elaboration of an alternative system. Both concern the point at which our systems impinge on experience and this interface is of the greatest importance to a coherence theory.

Ordinarily we would say that we ascertain certain facts by experience and tailor our system to provide for their truth. A rigorous coherence theory cannot allow any thing other than coherence as a criterion of acceptance. Lehrer writes (Ibid pp 143-45)' In fact we may easily supply an argument that on form of the isolation objection can succeed against our theory.... To be personally justified all competitors in the justification game consists, apparently, in asserting firmly that the claimant is not isolated from the external world and that there is the appropriate truth connection between internal coherence and external reality. This is illustrated by number of brief, endearing conversations on pp 143-45. Apparently the sceptic wins if the last objection is not one is cut off from the external world, our coherence theory yields the appropriate world. Lehrer writes: personal justification of what we accept from perception, memory and introspection results from our accepting that these sources are trust worthy, and personal justification is transformed into undefeated justification and knowledge, when we are correct in accepting that these sources are trustworthy. The transformation argument meets the objection appealing to sources of knowledge in the same way that it meets the isolation objection. Coherence transforms sources of information into sources of knowledge (Ibid 146)..

It is easy to see how some form of foundationalism would overcome the difficulty by appealing to certain self justified or basic propositions as the basis of the our system. But how is Lehrer's vindication of the coherence theory different from fallible foundationalis that starts with corrigible, basic, propositions, which provide us with a reasonably firm basis?

His position is that the most obvious judgements of perception may be sceptically challenged without self-contradiction, and that their truth is based upon the reliability of our sources of information and our competence to make appropriate discriminations. I have no quarrel with this view. But two things may be noted. First, this type of acceptance of observer's competence and reliability of sources of information is not to adduce further propositions, which cohere with the proposition in correct. And if the correspondence theory is correct in defining truth of a proposition, then what we are asserting is that there is the existence of a certain state of affairs in the world of which our coherent experiences are an indication.

Secondly, unless the evidence we have compels assent to the proposition being put forward, sceptical doubt cannot be ruled out of court here any more than in the case of fallible foundationalism.

The point of contact between experience and the world is so important that Bonjour provides for it by imposing an observation requirement and ruling that various beliefs that arise spontaneously in relation to stimuli are reliable and likely to be true. (The structure of Empirical Knowledge, 141 to 46). This represents a concession to correspondence and abandonment of radical coherence. Lehrer rightly objects that accounts for its justification. Lehrer rightly objects that it is not the spontaneity of a belief but its content that accounts for its justification. We may note that the same is true if we 'naturalize epistemology' (Quine's phrase) and lay down further requirements; for instance that our belief response must be reliable and caused in a regular casual way (Armstrong). It is easy to construct counterexamples, but the most important objection; from the point our response in fact fulfils these or any other requirements. We must know that these requirements are met if our belief response is to constitute knowledge. So we have to appeal to knowledge of other propositions to justify our present claim to knowledge. Prof. S.K. Mookerjee and many other philosophers would admit the need to go beyond a system of beliefs. But when we appeal to facts of experience, so he would maintain, we still employ coherence and accept the statement that brings about the maximum coherence among our perceptual experiences. But here, I think, there is a shift in meaning from 'consistency among propositions' there is a shift in meaning from 'consistency among propositions' to 'conformity to facts of experience'. When we judge that the fingerprints on the murder-weapon are those of the accused, this will enter into the system of statements whose central proposition is the hypothesis that a committed the murder. Similarly, eye-witness accounts that A was present at a certain place on a certain occasion, reports of ballistae experts, particulars entered in a sales register etc. all enter into the prosecution story. But the experiences of the various persons concerned do not. Much less do the experiences and activities involved in establishing the competence and reliability of a witness. These are tangential to our story, and not part of it like evidential statements. These later, when based on sense perception, affirm the existence of certain states of affairs in the world. It is these cognitive claims that are elements on our system. In

the simplest cases we seem to 'read off' facts in the world. Appeal to corroborative experiences, intrasubjective as well as inter-subjective, is implicit in the acceptance. But even when explicitly brought into the picture, they are not part of what we assert.

This way of looking at the epistemic situation is based on a certain picture of the world, and on drawing, in a certain way, the categorical contours of physical objects, which are, overwhelmingly, the occupants of this world. We may modify this picture in various ways or challenge it altogether, but common sense and make coherence the sole criterion of knowledge, we shall have to maintain that we cannot and need not go beyond our prepositional system. If we achieve the maximum possible coherence in our systems, it will approximate nearest to the world. Though coherence is the only way to achieve understanding of the world, the kind of approximation and the degree of it that we have attained, cannot be directly verified. The comparison of our system with facts totally independent of experience is impossible. Prof. Mookerjee is a blue-blooded Tory in philosophy. An intelligent and evolving Bradleyan, he holds with him that applying coherence thoroughly. With a toe- hold in experience that reveals the broadest features of the world, we can construct a system that captures the general structure of reality.

Contemporary advocates of coherence, needless to say, have no such ambition and on sympathy for system building. Their desire is to delineate the contours of scientific discourse and trace significant movements within it. This can be done for any philosophically interesting area of language, like talk about like minds, their activities, their relation (s) to the physical world etc. The key to a proper understanding of meaning, truth and knowledge is 'holism' and the term occurs frequently in the discussions of the above themes. Quine struck the keynote when he wrote in his now famous 'Two Dogmas of Empiricism', 'our statements stand the trial of experience, not singly but as a body. The entire fabric of knowledge which is a man-made body propositions has to be adjusted to boundary conditions of experience'. We have a great deal of latitude in making these adjustments. Like Carnap, he would make the choice between alternative systems incompatible equals-pragmatic or even aesthetic in a broad sense. In him Empiricism firmly controls relativism. But in some who followed, relativism overwhelms empiricism as when Goodman writes:

“..... all we can learn about the world is contained in right versions of it; and while the underlying world, bereft of these need not be denied to those who love it, it is perhaps, on the whole, a world well-lost (Ways of world making’ – P. 17) This view – described, by Goodman as ‘Radical relativism.... eventuating in irrealism’,

Is motivated by aversion to realism with its represent atomism and talk of objective, independently existing reality. This apparently indefensible form of irrealism need not be considered in the context of coherentism because it is not a logical consequence of it. But the desire to all cognition, our descriptions with a reality independent of all cognition, our cognitions with a reality independent of all cognition, our descriptions with facts neutral between them and therefore apparently not conceived or described in noe way rather than another, is central to coherentism or holism.

Rorty, for example, repudiates all such talk. But he accepts objectivity if it means inter-subjectivity. I fact, the latter is to be substituted for the former. Rorty thinks that people like Sealer who talk of accurate representation of (mind) independent reality confuse two senses of words like ‘reality’ ‘facts’ etc., the philosophical and the no philosophical. In the Latter sense ‘to aska witness if she has accurately represented a situation is to ask about her truthfulness and carefulness. When we say that a good historians accurately represent what they find in archives, we mean they look hard for relevant documents, do not discard the documents tending to discredit (their) thesis, do not misleadingly quote passages out of context, tell the same story among themselves as they tell us and so on... (It) is not to assume any thing about the events, or about the truth conditions of statements concerning such events, or about any other philosophical topic (Truth and Progress, P.73. Emphasis added). The concluding sentence is particularly surprising because it is apparently a return to the harsh and literal application of the verification principle where as Rorty characterises positivism in its heyday to have been as intolerant and fanatical as any intellectual movement.

Hostility to independent facts has now assumed a strange from. By the time we have finished with representation’s, we have arrayed at the rejection of independent facts where ‘facts’ are understood in a sense that is ordinary, natural

and taken for granted in all our discourses. Rorty correctly summarizes the qualifications of a good historian; but, still speaking non-philosophically, the qualifications are relevant because the person possessing them seeks to discover historical facts, as far as that is humanly possible. Surely all history is not concerned with archival material, even if our historian is, and takes herself to be concerned exclusively with documents. At some stage or other, there must be historians who soil their hands with excavations write down what they have witnessed, apply various, recognised procedures to determine the date of artefacts, etc. They are creating primary sources of historiography. Moreover, we can raise the question whether our historian is as impeccable as she claims to be. Perhaps, having become a social activist she is tampering with her material? Idealism is, sometimes, powerful motive for falsification. Whether or not she is doing so is settled, not by what she says about herself, nor by what others say about her but by finding out, as well as can be, what she has been doing. All this is elementary and may not logically imply any philosophical theory-either realistic representationism or pragmatic relativism-but it does imply that there are belief-independent facts which we can ascertain by agreed procedures. That the facts to be discovered are predominantly or even wholly linguistic does not make any difference to their independence. The process of ascertaining facts will involve the use of language and the conceptual scheme embedded in it. But the outcome of our procedure will be divisively influenced by the non-linguistic component. Fact and belief, language and reality, scheme and content are inseparable but distinguishable.

It is not enough to tag on to a system of my choice, 'scientists of my culture circle accept it. It is vital to find out whether this is really so. Similarly, that there are alternative world-versions and that some of them conflict and that some thinkers, to whom I am sympathetic accept one of them-all these have to be discovered.

Even if we supplement verbal behaviour with non-verbal patterns of behaviour, as Rorty tends to do, we have to find out whether they did occur, or are occurring, or will occur. Nor is it very paradoxical to imagine that there are facts, which nobody can now ascertain. Our ideal historian, for example, may have found some secret papers and made momentous discoveries, but perished in a fire with all her papers. No body can now find out what they were. Rorty says that 'to retain the holism of

idealists while junking there metaphysics, all that is necessary is to renounce the ambition of transcendence. But some degree of transcendence is built into our very conceptions of truth and knowledge, as in the above example. If coherentism is unable to accommodate it, it cannot claim to have disposed of ancient perplexities. To shock the intellectual bourgeois is a pleasant occupation, and may be profitable even to the shocker if he realises fully the implications of what he is saying.

---

This article is a slightly revised version of a paper presented in April 2000, at a seminar in honour of Prof. S.K.Mookerjee, on his completing 75 years. The felicitation was organised by the Department of philosophy, Bombay University, and the Bombay Philosophical Society

## ন্যায়-বৈশেষিক কর্তৃক ভূতচৈতন্যবাদ খণ্ডন : একটি সমীক্ষা

ভূপেন্দ্রচন্দ্র দাস

### ভূমিকা

ভারতীয় দর্শনের ইতিহাসে চার্বাকদের আত্মা সম্পর্কিত মতবাদ— ‘দেহাত্মবাদ’ বা ভূতচৈতন্যবাদ নামে পরিচিত। চার্বাক ছাড়া ভারতীয় দর্শনের প্রতিটি সম্প্রদায়ই আত্মার অস্তিত্বে বিশ্বাসী। বিজ্ঞানবাদী বৌদ্ধগণ ক্ষণিক বিজ্ঞানধারা বা মানসিক প্রবাহকে, নৈয়ায়িকগণ অচেতন দ্রব্যকে, যা দেহ, মন ও ইন্দ্রিয়ের সঙ্গে যুক্ত হয়ে চৈতন্য লাভ করে, সাংখ্য দর্শনে পুরুষকে, অদ্বৈত বেদান্তে বিশুদ্ধ চৈতন্যকে এবং বিশিষ্টাদ্বৈতবাদী আচার্য রামানুজ সক্রিয় ও সগুণ দ্রব্যকে আত্মা মানলেও প্রত্যক্ষবাদী চার্বাকগণ এগুলির কোনটিকেই আত্মা বলে স্বীকার করেন নি। জৈনমতে চৈতন্যগুণবিশিষ্ট অর্থাৎ স্বাভাবিক জ্ঞানগুণ বিশিষ্ট দেহপরিমাণ পদার্থই আত্মা। জড়বাদী চার্বাকগণ প্রত্যক্ষকেই একমাত্র প্রমাণ বলে মেনে নিয়েছেন। যা কিছু প্রত্যক্ষগোচর তা-ই সত্য। আর যা প্রত্যক্ষ গোচর নয়- তা সত্য নয়। এরূপ স্থির সিদ্ধান্তে উপনীত হয়ে চার্বাকগণ চৈতন্য বা চেতনাকেই স্বীকার করেন; যেহেতু চেতনা প্রত্যক্ষের বিষয় হয়। কিন্তু চেতন্যের আধার স্বরূপ অতীন্দ্রিয় আধ্যাত্মিক সত্তা অন্যান্য সম্প্রদায়ে স্বীকৃত হলেও চার্বাকগণ তা মানেন নি। চার্বাক মতে চৈতন্য অতীন্দ্রিয় আধ্যাত্মিক সত্তার কোন গুণ নয়, এটা দেহেরই গুণ। দেহতিরিক্ত চৈতন্যের কোন অস্তিত্ব নেই। চৈতন্য বিশিষ্ট দেহই আত্মা।

নৈয়ায়িকগণের মতে প্রত্যক্ষযোগ্য বিশেষ গুণযুক্তরূপেই আত্মার প্রত্যক্ষ হয়, অর্থাৎ ‘অহং জানামি’ ‘অহং সুখী’ ‘অহং দুঃখী’ এ ভাবেই আত্মার প্রত্যক্ষ হয়, কেবল আত্মার প্রত্যক্ষ হয় না।<sup>১</sup> আত্মার কেবল মানস প্রত্যক্ষই হয়, রূপ, স্পর্শ প্রভৃতি না থাকায় চাক্ষুষ বা ত্বাচ্ প্রত্যক্ষ হতে পারে না।<sup>২</sup>

বৈশেষিকগণের মতে আত্মার মানস প্রত্যক্ষও স্বীকার করা হয় না। এই মতে আত্মা কেবল অনুমানগম্য।<sup>৩</sup> বৈশেষিক মতে আত্মা দেহ নয়, মন নয়, ইন্দ্রিয় নয় বা কোন জড় বস্তু নয়। দেহ ও আত্মা এক নয়—দেহ ছাড়া আত্মার পৃথক অস্তিত্ব আছে। আত্মার জন্ম নেই, মৃত্যু নেই— আত্মা নিত্য, মুক্ত ও অবিনশ্বর।

### ভূতচৈতন্যবাদ

চার্বাকমতে পৃথিবী, জল, তেজঃ ও বায়ু— এই চারটি ভূতই চারটি তত্ত্ব।<sup>৪</sup> এই চারটি ভূতের সংযোগে মনুষ্যদেহ উৎপন্ন হয়েছে। জগতের ও মনুষ্যদেহের মূল উপাদান এই চারটি ভূতে পৃথক ভাবে চৈতন্য দেখা যায় না। কিন্তু যেমন চুন কিংবা খয়ের কোনটাই পৃথক ভাবে লাল না হলেও দু’টিকে মিশ্রিত করলে লাল বর্ণের উৎপত্তি হয়, সেরূপ চারটি ভূতের সংমিশ্রনে দেহে চৈতন্যগুণের উৎপত্তি হয়। এই চৈতন্যগুণযুক্ত দেহই আত্মা— এটাই দেহাত্মবাদ বা ভূতচৈতন্যবাদ।

বৌদ্ধগণের ন্যায় চার্বাকগণও সাধারণতঃ ব্যোম-এর (আকাশের ) অস্তিত্ব স্বীকার করেন না, কারণে



ব্যোম প্রত্যক্ষের বিষয় নয়। আকাশ শূণ্য; আবরণের অভাব মাত্র।

চার্বাক বলেন, দেহাকারে পরিণত চারটি ভূত থেকে বা কিম্বাদি থেকে মদশক্তির ন্যায় চৈতন্য জন্মে। মদের উপাদনকে কিম্ব বলে। দেহের সংগঠক সেই চারটি ভূত বিনষ্ট হলে এসই চৈতন্যও স্বয়ং বিনষ্ট হয়।<sup>৭</sup>

দেহাতিরিক্ত আত্মা কোন স্থলেই প্রত্যক্ষ করা যায় না, যেখানেই চৈতন্য দৃষ্ট হয় সেখানেই তা দেহান্তর্গত। সুতরাং মৃত্যুকালে যখন উক্ত চারটি ভূতের বিয়োগ ঘটবে, তখন চৈতন্যও বিলুপ্ত হবে। কারণ দেহের বিনাশে এর উপস্থিতি অসম্ভব। একটি প্রদীপের অগ্নিও এর আলোর মধ্যে অগ্নি যতক্ষণ থাকে, আলোও ঠিক ততক্ষণই থাকে; যে মুহূর্তে অগ্নি নির্বাপিত হয়, আলোও সেই মুহূর্তেই অন্তর্হিত হয়। ঠিক একই ভাবে দেখা যায়— যতক্ষণ দেহ থাকে ততক্ষণই প্রাণশক্তি, চৈতন্য বা যা কিছু তথাকথিত আত্মার ধর্ম বলে স্বীকার করা হয় সবই থাকে; দেহ বিনষ্ট হলে এই সমস্তই অন্তর্হিত হয়। কাজেই বলা যায় যে চৈতন্য দেহের গুণ বা ধর্ম এবং দেহাভ্যন্তরেই থাকে, দেহের বাইরে এর কোন অস্তিত্ব নেই। তাই শ্রুতি বলেন— “এই বিজ্ঞানঘন চৈতন্য সৈন্ধব পিণ্ডের ন্যায় এই চারটি ভূত থেকে উৎপন্ন হয়ে ঐ ভূত সমূহের বিলয়ের পরই স্বয়ং বিনষ্ট হয়। দেহরূপে পরিণত ভূত চতুষ্টয়ের বিনাশের অনন্তর সংজ্ঞা বা চৈতন্য থাকে না”।<sup>৮</sup>

আবার আপত্তি হতে পারে— ‘আমি কৃশ’, ‘আমি স্থূল’, ‘আমি যাচ্ছি’ ইত্যাদি ক্ষেত্রে দেহের ধর্ম কৃশত্ব, স্থূলত্ব ও গমন ইত্যাদি ক্রিয়াবিশিষ্ট রূপে আত্মা অনুভূত হচ্ছে। সুতরাং ঐ অহম্ জ্ঞানকে দেহ বিষয়ক বলাই যুক্তিযুক্ত।

যখন ‘আমার দেহ’ এরূপ বলা হয়, তখন তা হল ঔপচারিক প্রয়োগ; যেমন, ‘রাহুর মস্তক’। যেমন ‘রাহুর মস্তক’ ও ‘রাহু’ অভিন্ন কিন্তু কথার কৌশলে ভিন্ন বলে মনে হয়, সেরূপ কথার কৌশলে ভিন্ন বলে প্রতীয়মান হলেও আমার দেহ ও আমি অভিন্ন।<sup>৭</sup> ‘আমার দেহ’- এরূপ ব্যবহারকে কেন্দ্র করে যদি ‘আমি’ কে আত্মা বলা হয় এবং দেহ আমার হলেও দেহকে আমি না বলা হয়, তবে এরূপ ব্যবহার সর্বক্ষেত্রে যুক্তিসহ হবে না। কারণ আমরা যেমন ‘আমার দেহ’ এরূপ ব্যবহার করি, তেমনই ‘আমার আত্মা’ একথাও বলে থাকি। যদি ‘আমার দেহ’- এরূপ ব্যবহার দেখে আত্মাকে আমি বলা হয়, তবে ‘আমার আত্মা’ এরূপ প্রয়োগ দেখে ‘আমি’ কে আত্মা থেকে পৃথক দেহই বলতে হবে। অতএব চার্বাক বলেন, চৈতন্যবিশিষ্ট দেহই আত্মা। দেহ ভিন্ন আত্মার প্রমাণ নেই।<sup>৮</sup>

আবার চার্বাক বলেন, “আমি স্থূল ও কৃশ হচ্ছি”— এরূপ সামান্যধিকরণ্য বা অভেদের প্রত্যক্ষবশতঃ এবং দেহে সূলতা কৃশতার সম্বন্ধ বশতঃ দেহই আত্মা বলে সিদ্ধ হয়। দেহের অতিরিক্ত অপর কোন আত্মার সিদ্ধি হয় না। কারণ তার প্রত্যক্ষ হয় না। যার প্রত্যক্ষ হয় না, তার অস্তিত্ব সিদ্ধ হয় না।<sup>৯</sup>”

ভূতচতুষ্টয়ের কোনটিরই ইন্দ্রিয়গ্রাহ্য অচেতন পরমাণুতে পৃথক বা সমষ্টিগতভাবে, সহজাতরূপে চৈতন্যকে পাওয়া যায় না। যখন এই সকল পরমাণুকে কোন নির্দিষ্ট আকারে শৃঙ্খলার সহিত সাজান হয়, তখনই তাতে চৈতন্যের উদয় হয়। পরমাণুর এই বিশিষ্ট বিন্যাস থেকেই শরীরে উৎপত্তি। এই শরীরই আত্মা। এই বিশিষ্ট বিন্যাসের উদয় হয়। পরমাণুর এই বিশিষ্ট বিন্যাস থেকেই শরীরের উৎপত্তি। এই শরীরই আত্মা। এই বিশিষ্ট বিন্যাসের নিকটতম কারণরূপে এই মতে পিতা মাতার মিলনকেই নির্দেশ করা হয়েছে— ‘শোদিতশুক্ৰসম্ভবঃ পুরুষো মাতাপিতৃনিমিত্তকঃ’ ‘শরীরমিদং মৈথুনা দেবোদ্ভূতম্’<sup>১০</sup> এই মতে মহাপ্রলয়ের অবস্থা স্বীকৃত হয় না। সুতরাং আদিতে প্রাণশক্তি বা চৈতন্যের উৎপত্তি কিরূপে হল, আদি মাতাপিতার উৎপত্তি কিরূপে সম্ভব হল এই

প্রশ্নই চার্বাকের নিকট অপ্রাসঙ্গিক।

প্রসঙ্গত: উল্লেখযোগ্য, সদানন্দযোগীন্দ্র তাঁর 'বেদান্তসার' গ্রন্থে দেহাত্মবাদ ছাড়াও ইন্দ্রিয়াত্মবাদ, প্রাণাত্মবাদ এবং মনাত্মবাদ নামে আরও তিন প্রকার আত্মা সম্পর্কিত চার্বাক মত উল্লেখ করেছেন। ইন্দ্রিয়াত্মবাদীরা ইন্দ্রিয়কে, প্রাণাত্মবাদীরা প্রাণকে এবং মনাত্মবাদীরা মনকে আত্মা বলে মেনে নিয়েছেন। কিন্তু প্রত্যেকেই দেহের বিনাশের সহিত আত্মার বিনাশে বিশ্বাসী। কারণ ইন্দ্রিয়, প্রাণ এবং মন এই তিনটিকে সুশিক্ষিত চার্বাকগণ দেহ থেকে ভিন্ন বলে স্বীকার করলেও দেহাতিরিক্ত স্বতন্ত্র সত্তা স্বীকার করেন না।

#### ভূতচৈতন্যবাদ খণ্ডন

ইন্দ্রিয়াত্মবাদী চার্বাকগণ বলেন, ইন্দ্রিয়ই আত্মা। অধিকন্তু ইন্দ্রিয় না থাকলে শরীর অচল হয়ে পড়ে। তা ছাড়া 'আমি কাণা', 'আমি বধির' এমন বাক্যও আমরা ব্যবহার করি। অতএব ইন্দ্রিয়ই আত্মা।<sup>১৭</sup>

নৈয়ায়িকগণের মতে এই উক্তি ভ্রমাত্মক কারণ চক্ষুরিন্দ্রিয় এবং ত্বগিন্দ্রিয়ের দ্বারা একই জ্ঞাতার এক বিষয়ের জ্ঞান হয়।<sup>১৮</sup> চক্ষুর দ্বারা যে বিষয় গৃহীত হয়েছে, ত্বগিন্দ্রিয়ের দ্বারা একই জ্ঞাতার সেই এক বিষয়ের জ্ঞান হয়।<sup>১৯</sup> চক্ষুর দ্বারা যে বিষয় গৃহীত হয়েছে, ত্বগিন্দ্রিয়ের দ্বারাও সেই বিষয় গৃহীত হয় কারণ 'আমি চক্ষুর দ্বারা যা দর্শন করেছিলাম, ত্বগিন্দ্রিয়ের দ্বারা তা-ই স্পর্শ করছি এবং ত্বগিন্দ্রিয়ের দ্বারা যা স্পর্শ করেছিলাম চক্ষুর দ্বারা তাহ-ই দর্শন করেছিলাম, ত্বগিন্দ্রিয়ের দ্বারা তা-ই স্পর্শ করছি এবং ত্বগিন্দ্রিয়ের দ্বারা যা স্পর্শ করেছিলাম চক্ষুর দ্বারা তা-ই দর্শন করছি।' এরূপ একই বিষয় সম্পর্কে আমাদের প্রত্যভিজ্ঞা হয়। এখানে জ্ঞান দু'টি এককর্তৃক,<sup>২০</sup> অর্থাৎ এদের কর্তা একই, নতুবা এরূপ প্রত্যভিজ্ঞা হত না। সুতরাং এই কর্তাই আত্মা, ইন্দ্রিয় নয়।

ইন্দ্রিয়কে আত্মা বললে স্মরণের ব্যাখ্যা করা যায় না।<sup>২১</sup> স্মরণ অনুভবের অধীন। সুতরাং যিনি যে বিষয়ের অনুভব করেন, তিনিই সেই বিষয় স্মরণ করতে পারেন। সুতরাং কোন ইন্দ্রিয়ের দ্বারা কোন বিষয়ের প্রত্যক্ষ হলে পরবর্তী কালে সেই বিষয়ের অনুপস্থিতিতে তাকে স্মরণ করার জন্য সেই ইন্দ্রিয়কে উপস্থিত থাকতে হবে। কিন্তু বাস্তবে দেখা যায়, কোন অন্ধ ব্যক্তি তার চক্ষু থাকা অবস্থার দৃষ্ট কোন বস্তুর পরবর্তী কালেও স্মরণ করতে পারে। ইন্দ্রিয়ই যদি স্মরণ বা প্রত্যক্ষের কর্তা হত তবে উক্ত স্মরণের জন্য ঐ ইন্দ্রিয়কে উপস্থিত থাকতে হত। কিন্তু এক্ষেত্রে তা প্রয়োজন হচ্ছে না। সুতরাং ইন্দ্রিয়ের অতিরিক্ত কেউ উক্ত স্মরণের কর্তা এবং তা-ই আত্মা, ইন্দ্রিয় নয়।

যেহেতু ভূত-চতুষ্টয়ের বিদ্যমানও মৃত শরীরে চৈতন্য, প্রাণ প্রভৃতি দেখা যায় না এবং ভূতের ধর্ম রূপাদির ন্যায় চৈতন্য যেহেতু যতকাল দ্রব্য থাকে, ততকাল দ্রব্যে স্থিতিশীল নয় সুতরাং ঐগুলি শরীর বা দেহের ধর্ম হতে পারে না। মৃত প্রাণীর শরীর থাকে কিন্তু চৈতন্য থাকে না, সুতরাং চৈতন্য শরীরের ধর্ম নয়।<sup>২২</sup> যার অধিষ্ঠানে দেহে চৈতন্য প্রভৃতি দৃষ্ট হয়, তাকে দেহের অতিরিক্ত চৈতন্য বলতে হবে। ঐ দেহাতিরিক্ত চৈতন্যই আত্মা।

ভূতচৈতন্যবাদের বিরুদ্ধে পরবর্তী আপত্তি, পূর্বানুভূত বিষয়ের স্মরণের অনুপপত্তি। শরীরই চৈতন্য আত্মা একথা বললে বাল্যকালে যাকে দেখেছি, বার্ধক্যে তাকে স্মরণ করা অসম্ভব যেহেতু শরীরের অঙ্গ-প্রত্যঙ্গগুলির উপচিহ্নিত ও অপচিহ্নিত দ্বারা পূর্বশরীরের বিনাশ এবং অভিনব শরীরের উৎপত্তি হচ্ছে।<sup>২৩</sup> বাল্য কালের শরীর বার্ধক্যের শরীর থেকে ভিন্ন। সুতরাং বাল্যদেহ কর্তৃক গৃহীত বস্তুর স্মরণ যৌবনদেহ করতে পারবে না কারণ দুই

দেহের চিত্ত পরস্পর ভিন্ন। একের গৃহীত বস্তু অন্যে স্মরণ করতে পারে না। প্রকৃতপক্ষে কিন্তু দেখা যায়, বাল্যকালে বা শৈশবে কোন বস্তু দেখে বৃদ্ধ ব্যক্তি 'আমি এটা দেখেছিলাম' এরূপ স্মরণ করেন। সুতরাং প্রমাণিত হল, শরীর থেকে ভিন্ন, চেতন, পূর্বা-পরকালস্থায়ী এক আত্মা আছে, চেতন্য তারই ধর্ম।

আবার, চার্বাকগণ বলেন আত্মা মনঃস্বরূপ। ন্যায়-বৈশেষিক মতে এই উক্তিও যুক্তিসংগত নয়। প্রকৃতপক্ষে, জন্য জ্ঞান হলেই তা ইন্দ্রিয় থেকে উৎপন্ন হয়। যেমন, চক্ষুর দ্বারাই রূপের জ্ঞান হয়, চক্ষু না থাকলে রূপের জ্ঞান হয় না; ঠিক সেরূপ, সুখের অনুভূতি এবং স্মৃতির জন্যও কোন অন্তরিন্দ্রিয় অবশ্য প্রয়োজন। নৈয়ায়িকগণ তাকেই মন বলেন। ঐ মন জ্ঞানের উপায় মাত্র কিন্তু স্বয়ং জ্ঞাতা নয়। উপায় যদি জ্ঞাতা হয় তবে প্রদীপও রূপের দ্রষ্টা সুতরাং মনের অতিরিক্ত আত্মা অবশ্যই স্বীকার করতে হবে। আত্মার সব বিষয়ে সুখাদি অনুভূতি এবং স্মৃতি অনুমান প্রভৃতির করণ হল এই মন। সেই আত্মাকে মন বললে শুদু নামের পার্থক্য হয়।<sup>১৭</sup> এক বিষয় অন্য বিষয় হয়ে যায় না এবং আত্মার অনস্তিত্বও সিদ্ধ হয় না।

তা ছাড়া, গুণ প্রত্যক্ষে আশ্রয় দ্রব্যের মহত্ত্বই হেতু, নতুবা পরমাণুগত রূপাদিরও প্রত্যক্ষ হত। ন্যায় দর্শন মনে, মন অণু<sup>১৮</sup> ব'লে নিত্য। একই ক্ষণে অনেক ইন্দ্রিয়জন্য অনেক জ্ঞান জন্মে না বলে এই দর্শনে মনকে অণু বলা হয়।<sup>১৯</sup> অতএব 'আমি সুখী' ইত্যাদি প্রত্যক্ষলব্ধ জ্ঞানের আধার মন নয়, মনের অতিরিক্ত বিভূআত্মাই সেই জ্ঞানের আশ্রয়।

#### পর্যালোচনা

এক্ষেণে আমরা আত্মা বিষয়ক উপরোক্ত চার্বাক মত ও ন্যায়-বৈশেষিক মত সম্পর্কে কয়েকটি সমালোচনা মূলক মন্তব্য উপস্থাপিত করবার চেষ্টা করবো:

(১) চার্বাক মতে মহাপ্রলয়ের অবস্থা স্বীকৃত হয় না; তাই আদিতে প্রাণশক্তি বা চেতন্যের কিরূপে উৎপত্তি হল, আদি পিতামাতার উৎপত্তি কিরূপে সম্ভব হল, এই প্রশ্নই চার্বাকের নিকট অপ্রাসঙ্গিক।

কিন্তু উক্ত প্রশ্ন কেন অপ্রাসঙ্গিক তার যথোপযুক্ত ও স্পষ্ট ব্যাখ্যা চার্বাকগণ দিতে পারেন নি। বর্তমান পিতামাতার প্রত্যেকের পিতামাতা স্বীকার করতে হয়। এবং সেই পূর্ববর্তী প্রত্যেক পিতা ও প্রত্যেক মাতার পিতামাতাও স্বীকার করতে হয়। এভাবে আদি পিতামাতার প্রসঙ্গ আসে এবং একই ভাবে আদিতে প্রাণশক্তি বা চেতন্যের প্রসঙ্গ আসে। এক্ষেত্রে চার্বাকগণ হয়ত বলবেন যে, বহু পূর্ববর্তী পিতামাতা বা আদি পিতামাতার যেহেতু প্রত্যক্ষ হয় না, তাই তাঁদের সম্পর্কে কিছুই বলা যাবে না। সুতরাং তাঁরা আদি প্রাণশক্তি বা চেতন্যের সম্পর্কেও একই ধরণের কথা বলবেন।

কোন কোন চার্বাক হয়ত একথা বলতে পারেন যে, উপরিউক্ত চারটি মহাভূত তাদের নিজেদের স্বভাবগত কারণে পরস্পরের সহিত মিলিত হয়ে এই জগতের যাবতীয় বস্তু সৃষ্টি করেছে।

অথবা, ভূতচেতন্যবাদী এবং অন্যান্য নাস্তিক সম্প্রদায় হয়ত বলবেন যে, বিবর্তনের নিয়মানুসারে ক্রমাধ্বয়ে এককোষী জীব থেকে বহুকোষী জীব, অমেরুদণ্ডী প্রাণী থেকে মেরুদণ্ডী প্রাণী এবং নিম্নশ্রেণী থেকে ক্রমাধ্বয়ে

উচ্চশ্রেণীর জীবের সৃষ্টি হয়েছে।

- (২) চার্বাকগণ বলেন, কিঞ্চাদি থেকে মদের ন্যায় দেহের আকারে পরিণত চারটি ভূত থেকে ঐ দেহে চৈতন্য জন্মালে দেহ চেতন হয়। চার্বাকের এই উক্তি যুক্তিগ্রাহ্য নয়। দৃষ্টান্তটিও অনুপযুক্ত অর্থাৎ বিষম। মদের উপাদান দ্রব্য বিশেষই কিঞ্চ। এর সূক্ষ্ম অবয়ব থেকে স্থূল অবয়বী পর্য্যন্ত সর্বত্র মদজননশক্তি আছে বলে সমবেত কিঞ্চাদি দ্রব্য থেকে মদ জন্মে। ভূতবর্গের এক একটিতে বা সমষ্টিতে চৈতন্য নেই। তা যদি থাকত তবে দেহাতিরিক্ত ঘট, পুতুলাদি ভৌতিক বস্তুও চেতন হত। কিন্তু এরা চেতন নয়। সুতরাং এর আরম্ভক ভূত-চতুষ্টয়ে চৈতন্য জননশক্তি নেই, এটা অবশ্যস্বীকার্য। সমস্ত ভূতবর্গে চৈতন্য জন্মে এটাও চার্বাকগণ বলতে পারেন না। কারণ মদিরার আরম্ভক দ্রব্যের প্রতিটি অবয়বে যেকোন চৈতন্য জন্মে এটাও চার্বাকগণ বলতে পারেন না। কারণ মদিরার আরম্ভক দ্রব্যের প্রতিটি অবয়বে যেকোন মাদকতা আছে, দেহের আরম্ভক চারটি ভূতের প্রতিটি ভূতে সেরূপ চৈতন্য স্বীকার করলে একটি দেহে বহু স্বতন্ত্র চেতন স্বীকার করতে হবে। তা হলে একটি জালে আবদ্ধ পাখীরা যেমন ইচ্ছামত নানাস্থানে চলতে বা কিছু করতে পারে না, সেরূপ নান স্বতন্ত্র বহু চৈতন্যবিশিষ্ট দেহও কোন কিছু করতে পারবে না। অতএব, এই বিষম দৃষ্টান্ত অনুসারে, ভূত-চতুষ্টয় দেহে চৈতন্যের জনক হতে পারে না।
- (৩) ভূতধর্ম রূপ রসাদি গুণগুলি জড় বলে বিষয় বা দৃশ্য, বিষয়ী বা দ্রষ্টা নয়। সেরূপ ভূতধর্ম চৈতন্যও বিষয় বা দৃশ্য হবে, বিষয়ী বা দ্রষ্টা হবে না। সমস্ত বিষয় বিষয়ী না হলেও যে সমস্ত বিষয় ধর্মিস্বরূপ সে সমস্ত বিষয় ধর্মী থেকে অতিরিক্ত নয়। যেমন, ভূত-পরিণাম রূপাদি ভূত থেকে অতিরিক্ত পদার্থ নয়; কারণ পৃথিবী, জল, তেজঃ ও বায়ুর অতিরিক্ত কোন তত্ত্ব নেই। সুতরাং ভূতের ধর্ম যেমন ভূতস্বরূপ, দেহের ধর্ম চৈতন্য ও সেরূপ দেহ স্বরূপ, তাই দেহ বিষয় ও বিষয়ী- এটা চার্বাকগণ বলতে পারেন না। কারণ তা হলে চেতন দেহ দ্রষ্টা হয়ে নিজেকে দেখবে। যেহেতু দেহের অতিরিক্ত আর কোন দ্রষ্টা নেই, যে দ্রষ্টা, সেই যদি দৃশ্য-দর্শনের কর্ম হয়, তা হলে কর্মকর্ত্ববিরোধ হয় অর্থাৎ যে দর্শনের কর্তা, সেই দর্শনের কর্ম হয়ে পড়ে, কিন্তু তা কখনও হয় না। অতএব দেহের অতিরিক্ত দর্শনের কর্তা স্বীকার করতে হবে। যে দর্শনের কর্তা, সেই চেতন আত্মা। বিষয়রূপ বা দৃশ্য রূপ দেহ আত্মা হতে পারে না।
- (৪) দেহ থেকে আত্মা যে ভিন্ন তা আর একটি যুক্তি দ্বারা প্রমাণিত হয়। তা হল, কোন ব্যক্তির হাত, পা ইত্যাদি কোন অঙ্গ কোন কারণে বর্জিত হলে ঐ ব্যক্তি বলেন না যে তাঁর আত্মার একাংশ বর্জিত হয়েছে বা তাঁর আত্মা ছোট হয়ে গেছে। আবার কোন কৃশ ব্যক্তি তাঁর রোগ আরোগ্যের পর যখন তাঁর স্বাস্থ্য ভাল হয় অর্থাৎ তার দেহ স্থূল হয় তখন ঐ ব্যক্তি বলেন না যে তাঁর আত্মার বৃদ্ধি ঘটেছে।
- (৫) চার্বাকগণ অহম্ জ্ঞানকে দেহ বিষয়ক বলেছেন। যদি ঐ অহম্ জ্ঞানকে দেহবিষয়ক বলা হয় তা হলে 'যে আমি বাল্যকালে মাতাপিতাকে দেখেছিলাম সেই আমি বৃদ্ধাবস্থায় প্রপৌত্রগণকে দেখছি' এরূপ প্রত্যভিঙ্গা হতে পারে না, যেহেতু চার্বাক মতে এই ক্ষেত্রে 'অহম্' জ্ঞান দেহ বিষয়ক, অথচ বাল্য শরীর ও বৃদ্ধ শীরে কোনরূপ ঐক্য নেই, যাতে 'অহমে'র একত্ববোধ হতে পারে। সুতরাং এরূপ নিয়ম স্বীকার করতে হবে, যারা

ব্যাবৃত্ত হলেও যা অনুবর্তমান থাকে তা ঐগুলি থেকে ভিন্ন। যেমন সূত্রগ্রন্থিত ফুলের মালায় ফুলগুলি পর পর ব্যাবৃত্ত থাকে কিন্তু একই সূত্র প্রথম থেকে শেষ পর্যন্ত অধিকার করে থাকায় তা অনুবর্তমান, অতএব এই ব্যাপ্তি থাকে বলে ফুলগুলি থেকে সূত্র আলাদা এটাই প্রমাণিত হল। ঠিক সেরূপ বাল্য ইত্যাদি শরীর পর পর ব্যাবৃত্ত হলেও অহম্ বস্তুটি সেই শরীরে অনুবর্তমান হওয়ায় তা বাল্য ইত্যাদি শরীর থেকে অবশ্যই আলাদা হবে।<sup>১০</sup>

- (৬) চার্বাক মতে, যখন কেউ বলেন, ‘আমার দেহ’ তখন ‘আমার দেহ’ ও ‘আমি’ অভিন্ন এরূপ বোঝানো হয়, ভিন্ন এরূপ বোঝানো হয় না। দৃষ্টান্ত স্বরূপ তাঁরা ‘রাহুর মস্তক’— এরূপ প্রয়োগের কথা বলেন, যে ক্ষেত্রে ‘রাহু’ ও ‘মস্তক’ অভিন্ন।

এক্ষেত্রে ‘আমার দেহ’- এই বাক্যাংশের প্রয়োগ বোঝাতে গিয়ে ‘রাহুর মস্তক’ এর সহিত তুলনা করা হয়েছে। এই তুলনাও বিষম হয়েছে, কারণ রাহুর মস্তক প্রত্যক্ষযোগ্য নয়। চার্বাক মতে যার প্রত্যক্ষ হয় না তার অস্তিত্ব নেই। রাহুর মস্তক প্রত্যক্ষযোগ্য নয় বলে তা চার্বাকগণ স্বীকার করবেন না। সুতরাং যা তাঁরা স্বীকার করেন না তার দ্বারা ‘আমার দেহ’— এই বাক্যাংশের অর্থ বোঝানোর চেষ্টা করেছেন।

- (৭) যদিও নৈয়ায়িকগণ বলেছেন যে আত্মার কেবল মানস প্রত্যক্ষ হয় তথাপি সম্ভবতঃ কেবল অনুমানের দ্বারাই আত্মার অস্তিত্ব সিদ্ধ হয়। কারণ প্রত্যক্ষযোগ্য বিশেষ গুণযুক্ত রূপে অর্থাৎ ‘আমি জানি’ ‘আমি দুঃখী’ প্রভৃতি বাক্যে প্রযুক্ত ‘জ্ঞানত্ব’, ‘সুখত্ব’, ‘দুঃখত্ব’ ইত্যাদি আত্মার গুণের মাধ্যমে পরোক্ষভাবে একে জানা যায়। এরূপ পরোক্ষভাবে আত্মাকে জানা আর অনুমানের মাধ্যমে আত্মাকে জানা একই কথা। সুতরাং মানস প্রত্যক্ষের সাহায্যেও প্রত্যক্ষভাবে আত্মাকে জানা সম্ভব নয় এবং আত্মার গুণের মানস প্রত্যক্ষের মাধ্যমেই তার অনুমান করা যায়। অতএব, আমরা সিদ্ধান্ত করতে পারি যে, বৈশেষিক মতই সমর্থনযোগ্য কারণ এই মতে আত্মা কেবল অনুমানগম্য।

- (৮) যিনি দেহাতিরিক্ত আত্মার অস্তিত্ব স্বীকার করেন না তিনি হয়ত বলবেন মনুষ্যদেহের সহিত তার চৈতন্য প্রাকৃতিক নিয়মে সৃষ্টি হয়েছে। মনুষ্যদেহের জন্মের পর উপচিতি (catabolism) ও অপচিতি (anabolism) প্রক্রিয়ার মাধ্যমে পুরানো কোষের ক্ষয় বা বিনাশ হচ্ছে এবং নতুন কোষের সৃষ্টি বা বৃদ্ধি ঘটছে। মানুষের যত বয়স বৃদ্ধি পায় ততই তার বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ তথা যকৃৎ, হৃদযন্ত্র, ফুসফুস ইত্যাদি দুর্বল হতে থাকে। যকৃৎ দুর্বল হলে রক্ত সংশোধন প্রক্রিয়া বাধাপ্রাপ্ত হয়, ফুসফুস দুর্বল হলে শ্বাস-প্রশ্বাসে সমস্যা দেখা দেয় ইত্যাদি। এমন একটা সময় আসে যখন উক্ত যন্ত্রগুলির কোনটির বা প্রায় সবগুলিরই কর্মক্ষমতা চলে যায় এবং তাদের (প্রধানতঃ হৃদযন্ত্রের) ক্রিয়া বন্ধ হয়ে যায়। এবং একেই মৃত্যু বলা হয়। আবার মারাত্মক রোগ অথবা দুর্ঘটনার ফলে অল্প বয়স্ক ব্যক্তিরও এ রূপে মৃত্যু হয়। সুতরাং এক্ষেত্রে চার্বাকগণ বলবেন যে দেহাতিরিক্ত স্বতন্ত্র আত্মা স্বীকার করার কোন প্রয়োজন নেই।

কিন্তু এর উত্তরে বলা যায়, জীবিত কোন ব্যক্তির দেহ থেকে চৈতন্য চিরকালের মত চলে গেলে তাকে মৃত বলা হয়। অর্থাৎ মৃত্যুর ফলে দেহ থেকে এমন কোন পদার্থ চলে যায় যার ফলে দেহে চৈতন্যের অত্যন্তাভাব

হয়। সুতরাং যে সত্তার অভাবে দেহ চৈতন্যহীন হয় তা অবশ্যই দেহ থেকে ভিন্ন একটি পদার্থ বা সত্তা এবং ঐ ভিন্ন সত্তা বা পদার্থই হল আত্মা।

### উপসংহার

জড়বাদী চার্বাকগণ প্রত্যক্ষবাদের দৃষ্টিভঙ্গী থেকে আত্মা সম্পর্কে জড়াত্মক ব্যাখ্যা প্রদর্শন করায় অন্যান্য সম্প্রদায় কর্তৃক তা বিভিন্নভাবে সমালোচিত হয়েছে।

তবে একথাও গর্বের সঙ্গে উল্লেখ করা যায় যে তাঁদের ভূতচৈতন্যবাদ ও দেহাত্মবাদ আধুনিক জীব বিজ্ঞান শারীর বিজ্ঞান ও দৃষ্টবাদী মনোবিজ্ঞান সম্মত মানুষের চেতনার উৎপত্তি ও বিকাশবিষয়ক ব্যাখ্যার সহিত অত্যন্ত সঙ্গতিপূর্ণ। দেহাত্মবাদের বিরুদ্ধে অধ্যাত্মবাদী দার্শনিকদের যতই যুক্তিতর্ক থাকুক না কেন- দেহ, ইন্দ্রিয়, মন, প্রাণ বা মস্তিষ্ক ভিন্ন আত্মার অস্তিত্ব আজও মূলত বিশ্বাসেরই বিষয়, যে বিশ্বাসকে অভিজ্ঞতাভিত্তিক বা প্রামাণিক সত্য বিশ্বাস অর্থাৎ প্রকৃত জ্ঞান আজও বলা সম্ভব হয় নি। সেদিক থেকেও চার্বাক সম্মত ভূতচৈতন্যবাদ ও দেহাত্মবাদ অবশ্যই নব নব মূল্যায়নের অপেক্ষা রাখে।

### টীকা ও তথ্যসূত্র

- ১। 'অধ্যাক্ষে বিশেষগুণযোগতঃ',—ভাষা পরিচ্ছেদ: কারিকা, ৪৯
- ২। 'মনোমাত্রস্য গোচরঃ'—ভাষা পরিচ্ছেদ: কারিকা, ৫০
- ৩। ভারতীয় দর্শন কোষ (প্রথম খণ্ড)— শ্রীমোহন ভট্টাচার্য এবং দীনেশ চন্দ্র ভট্টাচার্য, সংস্কৃত কলেজ, কলিকাতা, ১৯৭৮, পৃষ্ঠা-৩৯
- ৪। তত্র পৃথিব্যাদীনী ভূতানি চত্বারি তত্ত্বানি—মাধবাচার্যকৃত সর্বদর্শন সংগ্রহঃ, চার্বাক দর্শনম, শ্রী পঞ্চানন শাস্ত্রী সম্পাদিত, প্রকাশক শ্রী সাম্যব্রত চক্রবর্তী, আগরপাড়া, ২৪ পরগনা, পৃষ্ঠা-৬
- ৫। তেভ্য-এব-দেহাকার-পরিণতেভ্যঃ কিঞ্চাদিভ্যো মদশক্তিবেৎ চৈতন্যমুপজায়তে। তেষু বিনষ্টেসু সংসু স্বয়ং বিনশ্যতি।— মাধবাচার্য-সর্বদর্শন সংগ্রহঃ, চার্বাক দর্শনম- শ্রী পঞ্চানন শাস্ত্রী সম্পাদিত, প্রকাশক-শ্রী সাম্যব্রত চক্রবর্তী, আগরপাড়া, ২৪ পরগনা, পৃষ্ঠা-৭
- ৬। তদাঃ বিজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুখায় তানোবানু বিনশ্যতি, ন প্রেত্য সংজ্ঞাস্তি(বৃহঃ ২/৪/১২) ইতি,—মাধবাচার্যকৃত সর্বদর্শন সংগ্রহঃ, চার্বাক দর্শনম, - শ্রী পঞ্চানন শাস্ত্রী সম্পাদিত, প্রকাশক-শ্রী সাম্যব্রত চক্রবর্তী, আগরপাড়া, ২৪ পরগনা, পৃষ্ঠা-৮
- ৭। দেহাত্মবাদে চ "স্থলোহহং কুশোহহং কৃষণোহহং" ইত্যাদি সামান্যিকরণোপপত্তিঃ। মম শরীরমিতি ব্যবহারো রাহোঃ শির ইত্যাদিবদ্ ওপচারিক।—মাধবাচার্যকৃত সর্বদর্শন সংগ্রহঃ, চার্বাক দর্শনম, - শ্রী পঞ্চানন শাস্ত্রী সম্পাদিত, প্রকাশক- শ্রী সাম্যব্রত চক্রবর্তী, আগরপাড়া, ২৪ পরগনা, পৃষ্ঠা-৩৮
- ৮। তচৈতন্যাবিশিষ্টদেহ এব-আত্মা, দেহাতিরিক্তে আত্মনি প্রামাণ্যভাবাৎ।—মাধবাচার্যকৃত সর্বদর্শন সংগ্রহঃ, চার্বাক দর্শনম, - শ্রী পঞ্চানন শাস্ত্রী সম্পাদিত, প্রকাশক- শ্রী সাম্যব্রত চক্রবর্তী, আগরপাড়া, ২৪ পরগনা, পৃষ্ঠা-৯

- ৯। অহং সুলঃ কৃশোহস্মীতি সামান্যিকরণ্যতঃ। দেহ-হৌল্যাতি-যোগাচ্চ স এবায়া ন চাপরঃ। মম দেহো হযমিত্ত্বজিৎ সংভবেদৌপচারিকী।— মাধবাচার্যকৃত সর্বদর্শন সংগ্রহঃ, চার্বাক দর্শনম্, - শ্রী পঞ্চানন শাস্ত্রী সম্পাদিত, আগরপাড়া, ২৪ পরগনা, পৃষ্ঠা ৪২।
- ১০। দক্ষিনারঞ্জন শাস্ত্রী— চার্বাক দর্শন, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলিকাতা। ১৩, পৃষ্ঠা-১২৬
- ১১। ইন্দ্রিয়ানাংমভাবে শরীরচলনাভাবাৎ কানোহহং, বধিরোহম্ ইত্যাদিনুভবাচ্চ ইন্দ্রিয়ান্যাছ্যোতি বদন্তি।— বেদান্তসার, ৫১ অনুচ্ছেদ।
- ১২। 'দর্শনস্পর্শনাভ্যামেকার্থগ্রহনাৎ'— ন্যায়সূত্র, ৩.১.১
- ১৩। 'এক বিষয়ৌ চেমৌ প্রত্যয়াবেককর্তৃকৌ প্রতিসঙ্কীয়তে।'—ন্যায়সূত্র ভাষ্য, ৩/১/২
- ১৪। 'তথথাত্ত্বেষেদিন্দ্রিয়ানাংমুপঘাতে কথং স্মৃতি'— ভাষা পরিচ্ছেদ: কারিকা, ৪৮
- ১৫। 'শরীরস্য ন চৈতন্যং মতেষু ব্যভিচারতঃ।'— ভাষা পরিচ্ছেদ: কারিকা, ৪৮
- ১৬। 'শরীরস্য চৈতন্যে বাল্যে বিলোকিতস্য স্থবিরে স্মরণানুপপত্তিঃ, শরীনাণামবয়বোপচয়াপচয়ৈরুৎ পাদবিনাশশালিত্বাৎ।'—মুক্তাবলী, ভাষা পরিচ্ছেদ: কারিকা, ৪৮
- ১৭। 'জ্ঞাতুর্জ্ঞানসাধনোপত্তেঃ সংজ্ঞাভেদমাত্রম্।' — ন্যায়সূত্র, ৩/১/১৬
- ১৮। 'যথোক্তহেতুত্বাচ্চানু', — ন্যায়সূত্র, ৩/২/৫৯
- ১৯। 'অযৌগপদ্যাজ্জ্ঞানানাং তস্যানুভূমিহেযতে'।— ভাষা পরিচ্ছেদ: কারিকা, ৫৮
- ২০। 'তস্মাদ্ যেসু ব্যবর্তমানেষু যদনুবর্ততে তত্তেভ্যো ভিন্নং যথা কুসুমোভাঃ সূত্রম্, তথা-চ-বালাদি শরীরেষু ব্যবর্তমানেষুপি পর স্পর্শমহং কারাস্পদমনুবর্তমানং তেভ্যো ভিদ্ভতে'— ভামতী- শ্রীশ্রীমোহন ভট্টাচার্য্য, প্রকাশক- কুড়ান ভট্টাচার্য্য, ৮, মনোমোহন পার্ক, কোলকাতা- ৭০০০০৮, পৃষ্ঠা-৮

## হসার্লের মনস্তত্ত্ববাদ খণ্ডন : প্রচলিত বিবরণ পেরিয়ে

সন্তোষকুমার পাল

এড্‌মুন্ড হসার্লের দার্শনিক-জীবনের একবারে প্রথম পর্যায়টি সাধারণভাবে অবহেলিত হয়ে আসছে। মনস্তত্ত্ববাদ (Psychologism) হিসাবে চিহ্নিত প্রাক-প্রভাসতত্ত্বের এই স্তরটি সম্পর্কে গবেষণা বা পর্যালোচনা হয়েছে সংসামান্য। এমনকি যেসব পুস্তক ও পত্র-পত্রিকায় হসার্লের দার্শনিক জীবনের পূর্ণাঙ্গ বিবরণ করার চেষ্টা হয়েছে সেখানেও মনস্তত্ত্ববাদের উপর যথেষ্ট আলোচনা পরিলক্ষিত হয় না। থিয়োডর ডি. বোয়ের হসার্লের দর্শনের উপর যেসব গবেষণা-কার্য সংঘটিত হয়েছে সেগুলি পর্যালোচনা করে দেখিয়েছেন যে বেশীরভাগ ক্ষেত্রেই সেগুলির আলোচনা *লজিক্যাল ইনভেস্টিগেশনস্* থেকেই শুরু হয়েছে।<sup>(১)</sup> তাঁর প্রথম রচনা *ফিলসফি ডেয়ার এরিথমেটিক* বা মনস্তত্ত্ববাদের দৃষ্টিভঙ্গী থেকে লেখা প্রথমদিকের রচনাগুলিকে পাশ কাটিয়ে যাওয়া হয়ে হয়েছে অন্যান্যভাবে।

আমাদের মনে হয় প্রধানত দুটি কারণে বিশেষজ্ঞ ব্যাখ্যাকারেরা হসার্লের মনস্তত্ত্ববাদী অবস্থান সম্পর্কে ঔদাসীন্য দেখিয়েছেন। প্রথমত: হসার্লের প্রথম দিকের রচনাগুলি তুলনামূলক বিচারে কম প্রবেশ-যোগ্য। গণিত ও দর্শনের বিভিন্ন পত্র-পত্রিকায় ছড়িয়ে থাকা এই লেখাগুলি হসার্লানুরাগীদের কাছে, বিশেষকরে পর্যাপ্ত জার্মান-না-জানা গবেষকদের কাছে এতদিন পর্যাপ্ত প্রায় অগম্য ছিল। প্রথম প্রকাশিত ফিলসফি ডেয়ার এ্যারিথমেটিক গ্রন্থটির এখনও পর্যাপ্ত কোন ইংরাজী অনুবাদ আমরা পাই নি। দ্বিতীয়ত: মনে কর হয়েছে যে এই পর্বের রচনাগুলি নিয়ে কালক্ষেপ করা সময়ের অপচয়মাত্র! নির্বচার মনে বিশ্বাস করা হ'ত যে ব্রেন্টানো-স্টাম্ফের প্রভাবে লেখা তাঁর প্রথমদিকের রচনাগুলি ব্রাম্মাক মনস্তত্ত্ববাদের দ্বারা আচ্ছন্ন এবং ফিলসফি ডেয়ার এরিথমেটিক-এর পর্যালোচনা প্রসঙ্গে গটলব ফ্রেগের সমালোচনার দ্বারা প্রভাবিত হয়ে তিনি মনস্তত্ত্ববাদের অবস্থা বর্জন করেন। ব্যাখ্যাকারেরা তাই মনে করেছেন এই সামান্য একটু ঐতিহাসিক বিষয় মাথায় রেখে এই পর্যায়ের রচনাগুলিকে নিরাপদে ভুলে যাওয়া যেতে পারে!

কিন্তু বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা হসার্লের কিছু রচনা ও পাণ্ডুলিপি সাম্প্রতিককালে প্রকাশিত হয়েছে, তাদের কয়েকটির ইংরেজী অনুবাদও হয়েছে। এর ফলে যেসব তথ্য আমাদের সামনে এসেছে তা এই প্রচলিত চিন্তাধারাকে সম্পূর্ণ পাল্টিয়ে দেয়। এখন এটা পরিষ্কার যে *ফিলসফি ডেয়ার এ্যারিথমেটিক* সহ প্রথম পর্বের রচনাগুলি হসার্লের গণিত-দর্শন তথা প্রভাসতত্ত্বের (Phenomenology) বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তাই প্রভাসতত্ত্বের উৎপত্তিসূত্রকে সম্যক বুজতে হলে মনস্তত্ত্ববাদ ও তার খন্ডন পর্বটির পর্যালোচনা প্রয়োজন। দু'একটি বিষয় এখানে উত্থাপন করা এখানে অ-প্রাসঙ্গিক হবে না। প্রচলিত ধ্যানধারণাকে মিথ্যা প্রতিপন্ন করে মারভিন্ ফারবারকে লেখা এক পত্রে হসার্ল লিখছেন: "External influences are without significance... Really my courses marked out by *Philosophie der Arithmetik* and I could do nothing other than to proceed further".<sup>(২)</sup> আবার মনস্তত্ত্ববাদের বিব্রম



থেকেমুক্তহওয়া প্রসঙ্গে ফ্রেগের পুস্তক পর্যালোচনা প্রবন্ধটির গুরুত্ব সম্পর্কে যে 'মিথ' তৈরী হয়েছে তা ভেঙ্গে চুরমার হয়ে যায় যখন আমরা দেখি হুসার্ল নিজের মুখে বলেছেন যে বাহ্যিক প্রভাবের বিষয়টি গুরুত্বহীন, এবং প্রথম গ্রন্থটির রচনার কিছুদিনের মধ্যেই তাঁর চিন্তা-ভাবনার মধ্যে পরিবর্তনের সূচনা হয়। বস্তুত, এ সময় গণিতদর্শন সম্পর্কে হুসার্লের নিজের মধ্যে যে পরিবর্তন ঘটে তা-ই তাঁকে মনস্তত্ত্ববাদের বিদ্রম কাটিয়ে উঠতে নিমিত্ত হয়।

যাইহোক, একটা বিষয় এখানে পরিষ্কার যে মনস্তত্ত্ববাদের পর্বটি হুসার্লের দর্শন-চিন্তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এবং তাই এই পর্যায়টি সম্যক পর্যালোচনার দাবী রাখে। বর্তমান প্রবন্ধে আমরা মনস্তত্ত্ববাদ পর্যায়টি সমীক্ষা করব নূতন তথ্যের আলোকে। আমরা আলোচনাটিকে পাঁটি অংশে ভাগ করতে চাই: প্রথম অংশে মনস্তত্ত্ববাদ বলতে কি বোঝায় এবং হুসার্ল কোন মনস্তত্ত্ববাদের সমর্থন করেছেন তার আলোচনা করব। দ্বিতীয় অংশে হুসার্লের মনস্তত্ত্ববাদ খন্ডন প্রসঙ্গে যে সব যুক্তিতর্ক উত্থাপন করেছেন তার বিবরণ থাকবে তৃতীয় অংশে। এবং চতুর্থ অংশে এই যুক্তিতর্কের যথার্থ বিচার করার চেষ্টা হবে। সবশেষে, মনস্তত্ত্ববাদ-খন্ডনের বিষয়টি প্রভাসতত্ত্বের উৎপত্তি প্রক্রিয়ায় ও বিবর্তনে কিভাবে সম্পর্কিত থেকেছে সে সম্পর্কে কয়েকটি সিদ্ধান্তনুগ মন্তব্য থাকবে প্রবন্ধের পঞ্চম অংশে।

এক.

মনস্তত্ত্ববাদ বলতে সেই জ্ঞানতাত্ত্বিক অবস্থানকে বোঝায় যদনুসারে যুক্তিবিজ্ঞানসহ যাবতীয় বিজ্ঞানের ভিত্তিভূমি রয়েছে মনস্তত্ত্বের মধ্যে-অন্যভাবে বললে, মানব মনের বাস্তব গঠনও ক্রিয়া-প্রক্রিয়ার মধ্যেই খুঁজতে হবে গণিত ও যুক্তিবিজ্ঞানসহ যাবতীয় বিজ্ঞানের আদর্শনিষ্ঠ প্রত্যয় ও নিয়মনীতিগুলির ব্যাখ্যা। বলা বাহুল্য, যুক্তিবিজ্ঞান বা গণিতের পরিধির বাইরে নীতিতত্ত্ব, নন্দনতত্ত্ব, ঈশ্বরতত্ত্ব প্রভৃতি ক্ষেত্রে মনস্তত্ত্ববাদী ব্যাখ্যা প্রযোজ্য হতে পারে। তবে হুসার্ল যে অর্থে মনস্তত্ত্ববাদকে গ্রহণ করেছেন তা হ'ল যুক্তিবৈজ্ঞানিক মনস্তত্ত্ববাদ। এই অর্থে মনস্তত্ত্ববাদ অনুসারে গণিত তথা যুক্তিবিজ্ঞানের আদর্শ প্রত্যয় ও নিয়মনীতিগুলির চূড়ান্ত ভিত্তি রয়েছে আমাদের মানসিক গঠন ও ক্রিয়া-প্রক্রিয়ার মধ্যে।

ব্রেন্টানো-স্ট্যাম্ফের মনস্তত্ত্ববাদী দৃষ্টিভঙ্গী থেকে লেখা *ফিলসফি ডেয়ার এ্যরিখ্‌মেটিক* গ্রন্থটিতে হুসার্ল গাণিতিক প্রত্যয় ও নিয়মনীতিগুলির উৎপত্তিতত্ত্বের অনুসন্ধানে মনোবিশেষ করেছেন। তাঁর মনে হয়েছে মূর্ত মানসিক অবস্থা তথা ক্রিয়া-প্রক্রিয়ার উপর ভিত্তি করে সংখ্যা, একত্ব, বহুত্ব প্রভৃতি প্রত্যয়ের উদ্ভব ঘটে এবং একইরকমভাবে আমাদের বাস্তব মূর্ত মানসিক ঘটনা তথা ক্রিয়া-প্রক্রিয়ার উপর ভিত্তি করে বিমূর্তায়নের মাধ্যমে গাণিতিক নিয়ম-নীতির জন্ম হয়। এই পর্যায়ে তাঁর মনে হয়েছে কোন গাণিতিক প্রত্যয়ের ব্যাখ্যা তার সংজ্ঞায়নের মধ্যে নিহিত নেই। বরং আমাদের মনোজগতে কিভাবে এগুলি জন্ম নেয় তার বিশ্লেষণের মধ্যেই খুঁজতে হবে এদের সত্তা। এর অর্থ অবশ্য এই নয় যে হুসার্ল এরূপ উৎপত্তিসূত্রের অনুসন্ধানকে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত ব্যাখ্যা বলে মনে করেছেন। তবে মানসিক ক্রিয়া প্রক্রিয়াগুলির বিচার-বিশ্লেষণ যে এখানে আবশ্যিক শর্ত সে বিষয়ে হুসার্লের মনে সংশয় ছিল না।

যাইহোক, হুসার্ল মনস্তত্ত্ববাদকে যুক্তিবিজ্ঞানের ক্ষেত্রে প্রসারিত করেছেন এবং একই সঙ্গে যুক্তিবিজ্ঞানের প্রত্যয় ও নিয়মনীতিগুলিকে মানসিক গঠনের ভাষায় বুঝতে প্রয়াসী হয়েছেন। যৌক্তিক মনস্তত্ত্ববাদের সমর্থনে যেসব যুক্তি হাজির করা হয় সেগুলি মূলতঃ দু'ধরনের:

১. যুক্তি বিজ্ঞান সেসব বিষয় সম্পর্কে অনুসন্ধান করে সেগুলি মূলতঃ প্রমাণ, অবধারণ বা অনুমান-সংক্রান্ত। বলা বাহুল্য, এগুলি আমাদের মানসিক অবস্থা, গঠন ও ক্রিয়া-প্রক্রিয়ার সাথে সম্পর্কিত। তাই মনে করা হয়েছে যে যুক্তিশাস্ত্রের চরম ভিত্তি রয়েছে আমাদের মানসিক গঠনের মধ্যে, এবং যুক্তির অনুসন্ধান আসলে মানবমনের গঠনসংক্রান্ত অনুসন্ধান।
২. মনস্তত্ত্ববাদীরা মনে করেছেন যুক্তিবিজ্ঞানের প্রত্যয় তথা নিয়ম নীতিগুলিকে মানব-মন-নিরপেক্ষ ভাবা অর্থহীন। আমি চিন্তা না করে কোন অবধারণ করতে পারি না। আর যে মুহূর্তে সংশ্লিষ্ট অবধারণটি করছি সে মুহূর্তে সেটি মন-নিরপেক্ষ সত্তা হারাচ্ছে!

মনস্তত্ত্ববাদীরা মনে করেন যুক্তি বিজ্ঞানের তথাকথিত আদর্শ নিয়মগুলি মানব-মন যেভাবে জগতকে বোঝে তাকেই প্রকাশ করে। যেহেতু আমাদের মন এভাবেই গঠিত সেহেতু যুক্তিবিজ্ঞানের নিয়মগুলি আমাদের নিয়ন্ত্রণ করে। দৃষ্টান্তস্বরূপ, দুটি পরস্পর বিরোধী বচনকে আমরা একসঙ্গে সত্য বলে ভাবতে পারি না। এই বাস্তব অসম্ভবতার ঘটনাই অ-বিরোধ নিয়মের উৎসসূত্র। আমাদের চিন্তার মৌলিক নিয়মনীতিসহ যুক্তিবিজ্ঞানের যাবতীয় প্রত্যয় ও নিয়মনীতি চিন্তনশীল মানব-মনের বাস্তব গঠনের উপর নির্ভরশীল— এটাই মনস্তত্ত্ববাদের বক্তব্য।

অবশ্য কেউ বলতে পারেন অপরাপর বিজ্ঞানের মাধ্যমে যুক্তিবিজ্ঞান ও যুক্তিবিজ্ঞানের মৌলিক নিয়ম-নীতিগুলি আগে থেকেই স্বীকার করে নেয়। তাহলে মনোবিজ্ঞান কিভাবে যুক্তিবিজ্ঞানের ভিত্তি হতে পারে? উত্তরে মনস্তত্ত্ববাদীরা বলবেন যদিও যাবতীয় বিজ্ঞান যুক্তিবিজ্ঞানের নিয়ম মেনে চলে তথাপি এই বিজ্ঞানগুলি যৌক্তিক নিয়মগুলি আশ্রয়বাক্য হিসাবে ব্যবহার করে না। বিজ্ঞানগুলি যুক্তিবিজ্ঞানের নিয়মগুলি প্রকাশ করে, কিন্তু তারা নিয়মগুলি কঠোর অর্থে আগে থেকে ধরে নেয় না।

হসার্লের যৌক্তিক মনস্তত্ত্ববাদের প্রকৃতি বিশ্লেষণ প্রসঙ্গে হসার্ল-বিশেষজ্ঞরা সব অর্থে মনস্তত্ত্ববাদ ও দুর্বল অর্থে মনস্তত্ত্ববাদ এর মধ্যে পার্থক্য করেছেন।<sup>১৩</sup> সবল মনস্তত্ত্ববাদ অনুসারে মানুষের বাস্তব চিন্তন-প্রক্রিয়ার মনস্তাত্ত্বিক অনুসন্ধান যৌক্তিক অনুসন্ধানের আবশ্যিক ও পর্যাপ্ত শর্ত। অন্যভাবে বললে, যৌক্তিক নিয়মের বিশ্লেষণ মানবীয় চিন্তন-প্রক্রিয়ার বিশ্লেষণ ছাড়া কিছু নয়। এরকম চরম মনস্তত্ত্ববাদের পরিচয় আমরা পাই মিলের বিরোধ-বোধক নিয়মের ব্যাখ্যায়। মিলের বিবরণ অনুসারে আমরা আমাদের অভিজ্ঞতায় দেখি দুটি বিরুদ্ধধর্মী বিষয় একসাথে থাকতে পারে না- কোন বিষয় একই সঙ্গে মিষ্ট ও অ-মিষ্ট হতে পারে না। এ ধরনের বিভিন্ন অভিজ্ঞতা থেকেই বিমূর্তকরণের মাধ্যমে এ নিয়ম গড়ে উঠেছে যে দুটি পরস্পর বিরুদ্ধ বিষয় 'A' এবং '~A' একসাথে সত্য হতে পারে না। অন্যদিকে, দুর্বল অর্থে মনস্তত্ত্ববাদ অনুসারে সংশ্লিষ্ট মানসিক প্রক্রিয়ার বিশ্লেষণ ছাড়া কোন আদর্শনিষ্ঠ নিয়মের ব্যাখ্যা হয় না, যদিও এই বিশ্লেষণ পর্যাপ্ত বিবেচিত নাও হতে পারে। এই বিবরণ অনুসারে 'যা হওয়া উচিত' তার ব্যাখ্যা 'বাস্তবিক যা' তার বিশ্লেষণ ছাড়া সম্ভব নয়।

আমরা যদি হসার্লের *ফিলসফি ডেয়ার এ্যরিথমেটিক*-এর সমাক পর্যালোচনা করি তাহলে এটা পরিষ্কার হবে যে হসার্ল এখানে দুর্বল মনস্তত্ত্ববাদের সমর্থন করেছেন। আপাত বিচারে অবশ্য মনে হতে পারে হসার্ল গণিতিক কথা যৌক্তিক প্রত্যয় ও নিয়মনীতিগুলির সম্পূর্ণ মনস্তাত্ত্বিকীকরণ করেছেন। কিন্তু একটু গভীরে অনুসন্ধান করলে বোঝা যায় যে কিভাবে সংখ্যা, একত্ব প্রভৃতি প্রত্যয়গুলি আমাদের সামনে প্রদত্ত হয় হসার্ল কেবল তারই বিবরণ করেছেন। আমরা বলতে পারি হসার্ল এখানে 'a theory of presentation' উপহার

দিয়েছেন। দৃষ্টান্তস্বরূপ বলতে পারি ‘পাঁচ’ সংখ্যাকে এখানে মানসিক ঘটনামাত্র হিসাবে দেখা হয় নি, বরং ‘পাঁচের’ ধারণাটি কিভাবে আমাদের সামনে আবির্ভূত হয় তার বিবরণ করা হয়েছে মাত্র।

এ পর্যায়ের আরো দু’একটি রচনা রয়েছে যেখানে হসার্ল একই রকম ভাবে মনস্তত্ত্ববাদের সমর্থন করেছেন। বিশেষকরে আমরা এখানে ‘সাইকোলজিক্যাল স্ট্যাডিজ ফর এলিমেন্টারী লজিক’ প্রবন্ধটির উল্লেখ করতে পারি। *ফিলসফি ডেয়ার এ্যারিথমেটিক*-এর মতো এখানে হসার্ল গণিত তথা যুক্তিবিজ্ঞানের ভিত্তিভূমির সম্বন্ধ করেছেন মনস্তত্ত্বের মধ্যে। আমাদের ধারণাগত চিন্তন কিভাবে বিশেষ বিশেষ মূর্ত মানসিক বিষয় থেকে শুরু হয়ে তা সার্বিকতা লাভ করে তার বিবরণ করা হয়েছে এখানে। হসার্ল বুঝতে চেয়েছেন আমাদের তথাকথিত সার্বিক প্রত্যয়গুলি (যেগুলি সরাসরি প্রত্যক্ষানুভাবে প্রদত্ত হয় না অথচ যেগুলি আমাদের অভিজ্ঞতা তথা ব্যবহারের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যায়) কিভাবে পূর্বত সিদ্ধ সার্বিক বচনের সূচনা করে। তিনি এখানে অনুভবাত্মক (intuitive) এবং প্রতিবেদনমূলক (representative) - এই দুই প্রকার চেতনার মধ্যে পার্থক্য করেছেন।<sup>(৪)</sup> অনুভবাত্মক চেতনায় বিষয় সরাসরি প্রদত্ত হয়। বিপরীতে প্রতিবেদন মূলক চেতনায় অপর কোন বিষয়ের মধ্যস্থতায় পরোক্ষভাবে প্রদত্ত হয়। এ ক্ষেত্রে একটি বিষয় ব্যবহৃত হয় অন্যবিষয় যা মূর্তভাবে প্রদত্ত নয়, তাকে নির্দেশ করতে।

দুই.

আমরা জানি হসার্ল পরবর্তীকালে মনস্তত্ত্ববাদের বিক্রম থেকে নিজেকে মুক্ত করেছেন এবং এই উত্তরণের সূত্র ধরেই তার প্রভাসতত্ত্বের সূচনা হয়েছে। হসার্লের এই উত্তরণ- পর্ব সম্পর্কে প্রচলিত বিবরণ এরকম: হসার্ল তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থ *ফিলসফি ডেয়ার এ্যারিথমেটিক* (১৮৯১)-এ মনস্তত্ত্ববাদের সমর্থন করেছেন। পরবর্তীকালে ঘটনাক্রমে গ্রন্থটি পর্যালোচনার জন্য ফ্রেগের কাছে পাঠান হসার্ল। ফ্রেগে গ্রন্থটির মনস্তত্ত্ববাদী দৃষ্টিভঙ্গীর তীব্র সমালোচনা করেন। এই অপ্ৰত্যাশিত প্রতিক্রিয়ায় হসার্ল স্বাভাবিকভাবেই আঘাত পান। তবে পরে ক্রমশঃ উপলব্ধি করেন যে ফ্রেগের অভিমতই সঠিক। তখন তিনি নিজের অবস্থানের খন্ডনে প্রয়াসী হ’ন।

যাইহোক, এবিষয়ে কোন দ্বিমত নেই যে হসার্ল পরবর্তী পর্যায়ে মনস্তত্ত্ববাদকে যুক্তিবিজ্ঞানের ব্যাখ্যা হিসাবে মেনে নেন নি, এবং *লজিক্যাল ইনভেস্টিগেশনস্*-এর প্রথম খন্ডে (যা ‘প্ৰেলোগোমেনাটু পিওর লজিক’ নামে অভিহিত) মনস্তত্ত্ববাদকে সম্পূর্ণ বর্জন করেছেন। কিন্তু হসার্লের মনস্তত্ত্ববাদ-উত্তরণে যে প্রচলিত কাহিনী, যেখানে ফ্রেগের ‘রিভিউ অফ ড. ই. হসার্লস্ *ফিলসফি ডেয়ার এ্যারিথমেটিক*’ প্রবন্ধটিকেই একমাত্র গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে বিবেচনা করা হয়েছে, তার যথার্থ্য নিয়েই প্রশ্ন উঠেছে। প্রচলিত বিবরণের অন্যতম প্রবক্তা ডি. ফোলেস্‌ডলের মতে ১৮৯১-১৮৯৩ সালের মধ্যে প্রকাশিত লেখালেখির মধ্যে আমরা এমন কিছু পাইনা যা তাঁর মানসিকতার পরিবর্তনের সূচক হতে পারে। এমন কি, ১৮৯৪ খ্রীষ্টাব্দে প্রকাশিত ‘সাইকোলজিক্যাল স্ট্যাডিজ অফ এলিমেন্টারী লজিক’ প্রবন্ধেও আমরা হসার্লকে মনস্তত্ত্ববাদ সমর্থন করতে দেখি! এর থেকেই ফোলেস্‌ডল সিদ্ধান্ত করেন যে ফ্রেগের সমালোচনার পরই ১৮৯৪-৯৬ খ্রীষ্টাব্দের মধ্যেই পরিবর্তন সংঘটিত হয়ে থাকবে।<sup>(৫)</sup> অপর একজন ব্যাখ্যাকার আর.সি. সলোমন এই বিবরণ সমর্থন করে ফ্রেগের সঙ্গে হসার্লের ট্রমাটিক এনকাউন্টারের কথা বলেছেন।<sup>(৬)</sup>

কিন্তু সাম্প্রতিক প্রকাশিত কিছু তথ্য তথাকথিত ফ্রেগের প্রভাবের এই ‘মিথ’কে নস্যাৎ করে দিয়েছে। হসার্লের বিক্ষিপ্ত ভাবে ছড়িয়ে-থাকা কিছু রচনা ও পান্ডুলিপি (যা এতদিন অপ্রকাশিত ছিল) বর্তমানে প্রকাশিত

হয়েছে, যার দৌলতে এটা দেখানো সম্ভব যে হুসার্লের চিন্তাধারার মৌলিক পরিবর্তনের সূচনা হয়েছিল সেই ১৮৯১ খ্রীষ্টাব্দে, যে বছর তাঁর বিতর্কিত প্রথম গ্রন্থটি প্রকাশিত হয়। ( প্রসঙ্গত: উল্লেখ করা প্রয়োজন যে সংশ্লিষ্ট গ্রন্থটির বিষয়বস্তু স্থির হয়ে গিয়েছিল সেই ১৮৮৪-৮৬ খ্রীষ্টাব্দের মধ্যেই, যখন তিনি হালেতে স্টাম্ফের তত্ত্বাবধানে গবেষণারত ছিলেন।)

এই সময়েই হুসার্ল শ্রোডারের *লেকচারস্ অন দ্য অ্যালজেব্রা অফ লজিক্* গ্রন্থের একটি পর্যালোচনা করেছিলেন যা ১৮৯১ খ্রীষ্টাব্দেই (যে বছর হুসার্লের *ফিলসফি ডেয়ার এ্যরিথমেটিক্* প্রকাশিত হয়) *গোটিংগিশে গেলেরটে আনসাইগেন* পত্রিকায় প্রকাশিত হয়। এই পর্যালোচনা প্রবন্ধে বিষয়ীগত মনস্তত্ত্ববাদী অবস্থান থেকে সরে আসার ইঙ্গিত রয়েছে। আমরা দেখেছি *প্লেগোমেনা*-তে তিনি যুক্তি বিজ্ঞানকে আদর্শ বস্তুগত অর্থের (ideal objective meaning) ভাষায় ব্যাখ্যা করেছেন। বিপর্যকর মনে হলেও এটা ঘটনা যে এই পুস্তক-পর্যালোচনা প্রবন্ধেই বস্তুগত অর্থের প্রতি ইঙ্গিত করেছেন। ফ্রেগে হুসার্লের বিরুদ্ধে যে অভিযোগ উত্থাপন করেছেন তার মূলকথা হ'ল *ফিলসফি ডেয়ার এ্যরিথমেটিক্* গ্রন্থে হুসার্ল বিষয়ীগত ও বস্তুগত, প্রতিবেদন (presentation) এবং প্রত্যয় (concept) র মধ্যে পার্থক্য সংরক্ষণে ব্যর্থ হয়েছেন। কিন্তু প্রকৃত ঘটনা হ'ল ঐ একই বছরে প্রকাশিত শ্রোডারের পুস্তক-পর্যালোচনা প্রবন্ধে হুসার্ল প্রতিবেদন, অর্থ ও বাস্তববস্তুর মধ্যে পার্থক্য করেছেন। অধ্যাপক জে.এন. মোহান্তি এই পর্যালোচনা প্রবন্ধের উদ্ধৃতিসহ দেখিয়েছেন কিভাবে হুসার্ল এদের মধ্যে পার্থক্য করেছেন। অধ্যাপক মোহান্তি লিখেছেন “...Husserl did distinguish, already in 1891, between

- (i) the sense or meaning of a term (for which he is using both '*Bedeutung*' and '*Sinn*', though in the *Logical Investigations* he will prefer '*Bedeutung*'),
- (ii) the object (*Gegenstand*) which the name may designate in case the object exists, and
- (iii) the representation (*Vorstellung*) of such an object. <sup>(8)</sup>

বলা বাহুল্য, বস্তুর প্রতিবেদন পরিবর্তনশীল, কিন্তু অর্থ (meaning) সর্বদা একই থাকে। অধিকন্তু, এমন হতে পারে যে কোন বাচ্য বস্তু বাস্তবিক নেই অথচ তার নামের একটা অর্থ আছে। এমনকি যেখানে বাচ্যবস্তু বর্তমান যেখানে বস্তু দৃষ্টান্তের বহু অর্থের বহুত্বের সূচনা করে না। এর থেকে এটা স্পষ্ট হয় যে হুসার্ল আলোচ্য প্রবন্ধে প্রতিবেদন, বস্তু ও অর্থের মধ্যে এক ধরনের পার্থক্য করেছেন। অবশ্য এখানে আদর্শ বস্তুগততা (ideal objectivities) -র সদর্থক বিবরণ যেভাবে উপস্থিত নয়, তথাপি হুসার্ল কোনভাবেই এখানে অর্থের সঙ্গে প্রতিবেদনকে গুলিয়ে ফেলেন নি। বরং প্রতিবেদনের বিষয়ীগততার বিপরীতে অর্থের বস্তুগততার বোধ যে তাঁর ছিল তা স্পষ্ট। <sup>(৯)</sup>

হুসার্ল যখন এই পার্থক্য করছেন (১৮৯১) ফ্রেগের 'On Sense and Reference' প্রকাশিত হয়েছে তার পরের বছর এবং নিজে জানিয়েছেন তিনি আগে এ বিষয়ে কোন পার্থক্য করেন নি। <sup>(১০)</sup> এর ভিত্তিতে দুটি বিষয় জোর দিয়ে বলা যায়: (১) ফ্রেগে-প্রভাব-নিরপেক্ষভাবে হুসার্ল অর্থ ও বাস্তব বস্তুর মধ্যে পার্থক্য করেছেন, এবং (২) হুসার্লের মনস্তত্ত্ববাদী চিন্তাধারার পরিবর্তনের জন্য ফ্রেগের সমালোচনার অপেক্ষা থাকে নি। এই পরিবর্তন যে ১৮৯১ খ্রীষ্টাব্দ থেকেই সংঘটিত হয়েছিল তা হুসার্লের লেখা এক ডায়েরী - নোট থেকে বোঝা যায়: “In fact, I already overcame the point of view at the time of its publication”.

(১০) পূর্বেই উল্লেখিত হয়েছে যে মারভিন ফারবার-কে লেখা এক পত্রে এ ব্যাপারে বাহ্যিক প্রভাব গুরুত্বহীন বলে মন্তব্য করেছেন।

স্পষ্টতই সাম্প্রতিক তথ্যের আলোকে বিচার করলে দেখা যায় ফ্রেগের সামালোচনার প্রভাবে নয়, মনস্তত্ত্ববাদকে যুক্তিবিজ্ঞানের ব্যাখ্যা হিসাবে হসার্ল বর্জন করেছিলেন তাঁর নিজের মধ্যে গণিত-দর্শন সম্পর্কে যে পরিবর্তন সূচিত হয়েছিল তারই ফলে। এক্ষেত্রে অবশ্য লাইব্‌নিজ, বোলজানো, লোচ্জে, ক্লাইন, হিলবার্ট প্রভৃতি গণিতজ্ঞের প্রভাবে তাঁর উপর থেকে থাকতে পারে।

তিন.

প্রবন্ধের এই অংশে আমরা মনস্তত্ত্ববাদ-উত্তরণে হসার্লের যুক্তিতর্কের পর্যালোচনা করব। মূলতঃ *লজিক্যাল ইনভেস্টিগেশনস্* - এর প্রথম খন্ডে, যা *প্লেগোমেনা টু পিওর লজিক* নামে পরিচিত, এ বিষয়ে সবিস্তার আলোচনা রয়েছে। মনস্তত্ত্ববাদের ভ্রম যখন তাঁর মননে ধরা পড়ে তখন তিনি অনুভব করেন যে মনস্তত্ত্ববাদকে শুধু সমালোচনা করলে এ চলবে না, একে চিরতরে খন্ডন করতে হবে।

মনস্তত্ত্ববাদের খন্ডন প্রসঙ্গে হসার্ল তিন ধারণের যুক্তি দিয়েছেন। *প্রথমতঃ*, তিনি দেখিয়েছেন যে মনস্তত্ত্ব যুক্তিবিজ্ঞানের ভিত্তি হলে অনেক অবাস্তব সিদ্ধান্ত মেনে নিতে হবে, যা কখনই কাম্য নয়। *তৃতীয়তঃ*, হসার্ল আমাদের দেখিয়েছেন যে মনস্তত্ত্ববাদ কতকগুলি নির্বিচার সংস্কারের উপর দাঁড়িয়ে আছে। সংশ্লিষ্ট গ্রন্থের অষ্টম অধ্যায়ে এই সংস্কারগুলিকে সর্বসমক্ষে তুলে ধরেছেন। এর মাধ্যমে তিনি মনস্তত্ত্ববাদের ধারকে অনেকখানি ভেঁতা করে দিতে সক্ষম হয়েছেন।

আমরা এখন *প্লেগোমেনার* চতুর্থ অধ্যায়ে প্রবেশ করব, যেখানে হসার্ল মনস্তত্ত্ববাদের অভিজ্ঞতালব্ধ পরিণামসমূহের পর্যালোচনা করেছেন। তিনি এখানে বিশেষতঃ মনস্তাত্ত্বিক নিয়মগুলি এবং সামান্যতঃ অভিজ্ঞতালব্ধ নিয়মগুলির প্রকৃতির প্রতি আমাদের মনোযোগ আকর্ষণ করেছেন। অভিজ্ঞতাভিত্তিক নিয়মগুলি আমাদের ইন্দ্রিয়-অভিজ্ঞতা থেকে প্রাপ্ত উপাদানের গড়পড়তা সামান্যীকরণ এবং যেহেতু এদের বৈধতা নির্ভর করে বাহ্যিক কিছু শর্তের অপরিবর্তনীয়তার উপর অর্থাৎ বাস্তব পরিস্থিতির কিছু শর্ত যদি অপরিবর্তিত থাকে তবেই সংশ্লিষ্ট নিয়মটি বৈধ হবে। অভিজ্ঞতালব্ধ নিয়মগুলির এই প্রাকল্পিক চরিত্র সেগুলিকে যথার্থ বৈধতা দান করতে পারেনা। অভিজ্ঞতা-নিরপেক্ষ পূর্বতঃসিদ্ধ নয় বলে এগুলি সর্বদা সত্তাব্যতার রাজ্যেই বিচরণ করে। কিন্তু গাণিতিক ও যৌক্তিক নিয়মগুলি আভ্যন্তরীণ পূর্বতঃসিদ্ধ তথ্যপ্রমাণের উপর প্রতিষ্ঠিত এবং তাই সূনিশ্চয় সত্য। হসার্লের ভাষায়, এ নিয়মগুলির মধ্যে ‘অ্যাবসলিউট এক্‌জাক্টনেস্’ রয়েছে যাকে অভিজ্ঞতাভিত্তিক সামান্যীকরণের মাধ্যমে বোঝা যায় না।<sup>(১১)</sup>

অধিকন্তু, কোন যৌক্তিক নিয়ম যদি বাস্তব ঘটনা- নির্ভর হয় তাহলে তা ব্যবহারিকতার উর্ধ্বে উঠতে পারে না এবং তখন বাস্তব এবং আদর্শ এদের মধ্যে পার্থক্য করা যাবে না। যৌক্তিক তথা গাণিতিক নিয়মগুলির দেশ-কাল-অতিবর্তী আদর্শ চরিত্রের, যেগুলিকে মনস্তত্ত্বের ভাষায় ব্যাখ্যা করা কখনোই সমর্থনযোগ্য নয়।

হসার্ল সংশয়াত্মক আপেক্ষিকতাবাদের প্রসঙ্গে উত্থাপন করেছেন: হসার্ল দেখাচ্ছেন যে মনস্তত্ত্ববাদ শেষ পর্যন্ত আপেক্ষিকতাবাদের জন্ম দেয়, যা পরিণামে আমাদের সংশয়বাদের দিকে নিয়ে যায়। আপেক্ষিকতা দু’ধরণের হতে পারে: ব্যক্তিগত আপেক্ষিকতা ও প্রজাতিগত বা গোষ্ঠীগত আপেক্ষিকতা। আপেক্ষিকতাবাদ সেই তত্ত্ব যদনুসারে আমাদের যাবতীয় জ্ঞান আপেক্ষিক। যদি তা একক ব্যক্তি সাপেক্ষ হয় তাহলে তা হবে ব্যক্তিগত

আপেক্ষিকতাকে অনেক সময় নৃতত্ত্ববাদ বলা হয়ে থাকে।

হসার্ল বলেন, ব্যক্তিগত আপেক্ষিকবাদ এমনই এক অসংগতিপূর্ণ আত্মঘাতী-অবস্থান যে আধুনিক যুগে কেউ আর এমত পোষণ করেন না। যদি কেউ বলেন তাঁর নিজের কাছে যা সত্য তাই কেবল সত্য, তাহলে অন্য কেহ যদি ঐ একই বিষয়কে মিথ্যা বলে গ্রহণ করে তাহলে প্রথম ব্যক্তিকে তা মেনে নিতে হবে। তখন সত্য বলে আর কিছু অবশিষ্ট থাকে কি তাই কোন বিশেষ ব্যক্তিই সত্যতার নিয়ামক একথা বলা, হসার্লের ভাষায়, ‘দ্য পিওরেস্ট ননসেন্স’।<sup>(১২)</sup> সংশয়বাদের জন্মদাতা এই ব্যক্তিগত আপেক্ষিকতা-র জনক মনস্তত্ত্ববাদ কখনোই গ্রহণযোগ্য হতে পারে না।

হসার্ল প্রাজ্ঞাতিগত আপেক্ষিকতাবাদের বিরুদ্ধে ছয়টি যুক্তি দিয়েছেন।<sup>(১৩)</sup>

(১) প্রাজ্ঞাতিগত আপেক্ষিকতাবাদ অনুসারে কোন বিষয় বা সত্যতা নির্দিষ্ট কোন জন-গোষ্ঠীর মানসিক গঠনের উপর নির্ভর করে। হসার্ল এই অবস্থানকে অ-বাস্তব বলে বাতিল করেছেন। এ তত্ত্ব মানলে, একই বচন কোন এক জনগোষ্ঠীর কাছে সত্য অথচ তা অন্যের কাছে মিথ্যা হতে পারে তা মেনে নিতে হয়। দুটি জনগোষ্ঠীর মানসিক গঠনের ভিন্নতা একই বচনকে একই সঙ্গে সত্য ও মিথ্যা প্রতিপন্ন করতে পারে। কিন্তু ‘সত্য’ ও ‘মিথ্যা’ শব্দদুটির অর্থই নিশ্চিত করে দেয় যে কোন অবধারণের বিষয় কখনো সত্য, কখনো মিথ্যা হতে পারে না। কিন্তু আপেক্ষিকতাবাদ যা বলতে চায় তা ঠিক এর বিপরীত!

(২) অবশ্য প্রাজ্ঞাতিগত আপেক্ষিকতাবাদের সমর্থন করে কেউ যদি বলেন ‘সত্যতা’ বলতে তাঁরা স্বতন্ত্র কিছু বোঝেন, তাহলে সামগ্রিক বিবাদটি তখন নিছক ভাষাগত বিতর্কে পরিনত হবে। দৃষ্টান্তস্বরূপ ধরায়াক, কোন একটি জনগোষ্ঠী স্ববিরোধিতার নিয়মটিকে সত্য বলে জানে। আপেক্ষিকতাবাদী বলতে পারেন এটা সম্ভব যে ঐ জনগোষ্ঠী স্ববিরোধিতার নিয়মের দ্বারা বাধ্য নয়। এর অর্থ হয় তিনি এরূপ বোঝাতে চান যে তাঁদের বিবেচনায় এমন বচন রয়েছে যা এই নিয়মের তোয়াক্কা করে না, অথবা তিনি মনে করতে পারেন যে এসব মানুষ জনের চিন্তাভাবনা এই নিয়মের দ্বারা মনস্তাত্ত্বিকভাবে নিয়ন্ত্রিত নয়। যদি তিনি দ্বিতীয় বিকল্পটি ইঙ্গিত করেন তাহলে তাত্ত্বিক অসুবিধা কম। কিন্তু যদি প্রথম বিকল্পকে ইঙ্গিত করেন তাহলে আমরা যুক্তি দিতে পারি: সংশ্লিষ্ট মানবগোষ্ঠী ‘সত্য’ ও ‘মিথ্যা’ শব্দগুলি আমরা যেমনভাবে বুঝি সে অর্থেই বোঝে, যেখানে যৌক্তিক নিয়মগুলি প্রযোজ্য নয় বলা অর্থহীন। বিকল্প হিসাবে যদি বলা হয় তাঁরা ‘সত্য’ এবং ‘মিথ্যা’ শব্দদুটি ভিন্ন অর্থে বোঝেন, তাহলে বিতর্কটা নিছক ভাষাগত হয়ে পড়ে না কি?

(৩) কোন গোষ্ঠীর মানসিক গঠন এক নির্দিষ্ট বাস্তব ঘটনা। আর ঘটনা থেকে ঘটনাই নিঃসৃত হয়। এখন, যদি আমরা কোন ঘটনা কোন জনগোষ্ঠীর মানসিক গঠনের উপর ভিত্তিশীল ভাবি তাহলে সত্যতা ঘটনা-মাত্র হয়ে পড়বে, যে ঘটনা স্থান-কাল-পাত্র ভেদে পরিবর্তনশীল, এবং তাই আপাতিক। এ এক অদ্ভুত তত্ত্ব যা সত্যতার অর্থকেই নিঃশেষ করে দিতে চায়!

(৪) যদি কেউ মনে করেন যাবতীয় সত্যের ভিত্তিভূমি রয়েছে মানব মনের বিশেষ গঠনের মধ্যে, তাহলে এধরনের গঠনের অভাবে প্রাকল্পিক সত্য নিঃশেষিত হয়ে পড়বে। তখন কোন সত্য নেই এরূপ বচনের অর্থ দাঁড়াবে ‘এমন সত্য আছে যে কোন সত্য নেই।’ এ বচনটি শুধু মিথ্যাই নয়, সম্পূর্ণ দুর্বোদ্ধ, এর প্রতি কোন সত্যমূল্যই আরোপ করা চলে না। এর থেকে এটাই সিদ্ধ হয় যে নৃতত্ত্ববাদ বা প্রাজ্ঞাতিগত আপেক্ষিকতাবাদ মোটেই গ্রহণযোগ্য নয়।

(৫) হুসার্ল এ প্রসঙ্গে এক বিরোধভাসের প্রসঙ্গ উত্থাপন করেছেন। সত্যতা যদি কোন বিশেষ প্রজাতির মানসিক গঠনের উপর নির্ভর করে তাহলে কোন বচনের সত্যতাও শেষ বিচারে প্রজাতির উপর নির্ভর করবে। আমরা এমন এক জনগোষ্ঠীর কথা ভাবতে পারি যার গঠন বা মানসিক কাঠামো এমনই যে তাঁরা এই বচনটিকে সত্য বলে মানে যে এমন কোন গঠন বাস্তবিক নেই। এর থেকে এক উদ্ভট সিদ্ধান্ত বেরিয়ে আসে যে কোন এক মানসিক গঠনের অনস্তিত্ব তার অস্তিত্ব থেকেই নিঃসৃত!

(৬) সত্যের আপেক্ষিকতা জাগতির অস্তিত্বের আপেক্ষিকতার সূচক। আমরা জানি এই বাস্তব জগত সত্যসমূহের আদর্শতন্ত্রের অনুরূপ বস্তুগততার এক সমষ্টি। একে বিষয়ীনির্ভর ভাবার কোন মানে হয় না। কারণ তখন আর স্বস্থিত বস্তুজগৎ বলে কিছু থাকবে না। শুধু থাকবে 'এই মানবগোষ্ঠীর জগত', 'এই মানবগোষ্ঠীর জগত'। এভাবে একাধিক গোষ্ঠীর বদান্যতার একাধিক জগতের সৃষ্টি হবে। আবার এই সব জনগোষ্ঠীর মানসিক গঠনের পরিবর্তনের সাথে সাথে জগতগুলর পরিবর্তন ঘটবে। এখন মানসিকগটনের এই পরিবর্তনকে জগতের আভ্যন্তরীণ পরিবর্তন হিসেবেই দেখতে হবে। কিন্তু তখন জগতই কোন জনগোষ্ঠীর স্রষ্টা হবে, সেই জনগোষ্ঠী পরম্পরক্রমে আবার জগতের সৃষ্টি করবে। কিন্তু কোন জনগোষ্ঠী যদি জগতের অস্তিত্বের স্বীকৃতি না জানায় তাহলে 'জগত আছে' বলার আর কোন অর্থই থাকে না।

এইসব যুক্তিতর্কের সাহায্যে হুসার্ল প্রমান করতে চেয়েছেন যে আপেক্ষিকতা, তা সে ব্যক্তিগতই হোক, বা প্রজাতিগতই হোক, গ্রহণযোগ্য হতে পারে না। তাই এর জন্মদাতা সর্বমনোবৈজ্ঞানিকতার তত্ত্ব সমর্থন যোগ্য নয়।

প্লেগোমেনা-র অষ্টম অধ্যায়ে হুসার্ল মনস্তত্ত্ববাদের পিছনে লুক্কায়িত বিচারহীন সংস্কারগুলিকে প্রকাশ করেছেন:

প্রথম সংস্কারটি এরকম: যৌক্তিক নির্দেশনামাগুলির (prescriptions) আমাদের মানসিক ঘটনাসমূহকে নিয়ন্ত্রণ করে, তাই মানতে হবে এগুলির মানসিক ভিত্তি আছে। অন্যভাবে বললে, তথাকথিত আদর্শনিষ্ঠ যৌক্তিকে নিয়মগুলি আমাদের জাঙ্গানার্জনের প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করে। আর 'জানা' যেহেতু এক মানসিক প্রক্রিয়া সেহেতু মনে করা হয় যে যৌক্তিক নিয়মগুলি এক মনোগত ভিত্তি থাকবে।

এই সংস্কার সম্পর্কে হুসার্ল বলেন যৌক্তিক নিয়মগুলি বাস্তব প্রয়োগের ক্ষেত্রে মানসিক ক্রিয়ার ব্যাপার থাকে। কিন্তু এর অর্থ এই নয় যে নিয়মগুলির স্বরূপতঃ মনোনির্ভর। তিনি যৌক্তিক নিয়মের স্বরূপ ও তার বাস্তব প্রয়োগের মধ্যে পার্থক্য করেছেন: "One must always distinguish between laws that serve as norms for our knowledge activities, and laws which include normativity in their thought-content and asserts its (sic.) universal obligatoriness".<sup>(১৫)</sup> যুক্তিবিজ্ঞানের নিয়মগুলির যে আদর্শ বিষয় তা কারোর মনোজগতের উপর নির্ভর করে না।

দ্বিতীয় সংস্কারটি এরকম: যুক্তিশাস্ত্র যেহেতু অবধারণ, অনুমান, সম্ভাব্যতা ও অনিবার্যতা এবং আনুষঙ্গিক ধারণা নিয়ে আলোচনা করে এবং যেহেতু এগুলি আমাদের মানসিক-ক্রিয়া-প্রক্রিয়ার সাথে সম্পর্কিত, সেহেতু যুক্তিবিজ্ঞানকে মনোবিজ্ঞানের শাখা হিসাবে বিবেচনা করা যায়।

হুসার্ল এই সংস্কারের বিরুদ্ধে তীব্র প্রতিক্রিয়া জানিয়ে বলেন যে অবধারণ, অনুমান প্রভৃতি ক্রিয়ার

বাস্তব সংঘটন ও তাদের আদর্শ বিষয়-দু'য়ের মধ্যে পার্থক্য আছে। মনস্তত্ত্ববাদীরা এটা বুঝতে ব্যর্থ হয়েছেন। হুসার্ল লিখেছেন, “We deny that the theoretical discipline of pure logic ... has any concern with mental facts... We saw that the laws of pure logic... totally lose their basic sense if one tries to interpret them as psychological”<sup>(১৬)</sup>

তৃতীয় যে সংস্কারটির প্রতি হুসার্ল আমাদের দৃষ্টি আকর্ষণ তাহ'ল যুক্তিবিজ্ঞান আসলে সাক্ষ্যপ্রমাণের তত্ত্ব (theory of Evidence) সত্যতা মানেই অবধারণসাপেক্ষ। কোন অবধারণ তখনই সত্য বলে গৃহীত হয় যখন তা ভিতর থেকে সুস্পষ্ট প্রতীয়মান হয় (inwardly evident) এই ‘আভ্যন্তরীণ সাক্ষ্যপ্রমাণ’ বলতে সেই বিশেষ মানসিক অনুভূতিকে বোঝায় যা সংশ্লিষ্ট অবধারণের সত্যতাকে নিশ্চিত করে। যদি এ ধরনের বিশেষ মানসিক অনুভূতিই শেষমেষ যুক্তি বিজ্ঞানের স্বরূপ হয়, যুক্তিবিজ্ঞানক মনস্তত্ত্বনির্ভর বলা হবে না কেন?

হুসার্ল যৌক্তিক নিয়মের অর্থের প্রসঙ্গ উত্থাপন করে এই পূর্বস্বীকৃতির খণ্ডন করেছেন। তিনি অস্বীকার করেন না যৌক্তিক নিয়মগুলির সঙ্গে আভ্যন্তরীণ সাক্ষ্যপ্রমাণস্বরূপ মানসিক উপাত্তের সম্পর্ক আছে। কিন্তু তার মানে এই নয় যে নিয়মগুলি স্বরূপত: সাক্ষ্য-প্রমাণ নির্ভর: “The pure laws of logic say absolutely nothing about inner evidence or its conditions”<sup>(১৭)</sup> হুসার্ল এখানে সাক্ষ্য-প্রমাণের বস্তুগত ধারণা এবং মনস্তাত্ত্বিক ধারণার মধ্যে পার্থক্য করেছেন। যৌক্তিক নিয়মগুলি যে সাক্ষ্যপ্রমাণের কথা বলে তা আদর্শ বস্তুগত সাক্ষ্যপ্রমাণ, বাস্তব মানসিক অনুভূতিমাত্র নয়। এভাবে যুক্তিতর্কের সাহায্যে মনস্তত্ত্ববাদকে খণ্ডন করতে প্রয়াসী হয়েছেন। এভাবে তিনি জ্ঞানতত্ত্বের ভিত্তি হিসাবে মনস্তত্ত্ববাদকে চিরতরে নির্বাসিত করতে চেয়েছেন।

চার.

এখন আমরা মনস্তত্ত্ববাদের বিরুদ্ধে হুসার্লের যুক্তিগুলির যথার্থ্য বিচার করতে প্রয়াসী হ'ব। কোন কোন সমালোচকের মতে হুসার্লের যুক্তিগুলি সিদ্ধান্তকারী নয়, কিছু যুক্তি নিজেই প্রমাণের অপেক্ষা রাখে।

আমরা যদি মনস্তত্ত্ববাদের অভিজ্ঞতালব্ধ পরিণামগুলি বিচার করি তাহলে দেখব হুসার্ল যৌক্তিক নিয়মগুলির একটি নির্দিষ্ট স্থায়ী অর্থ আগে থেকেই ধরে নিয়েছেন, যার কোন ব্যাখ্যা তিনি দেন নি। মাইকেল সুকাল মন্তব্য করেছেন, “It is not sufficient to say that logical laws would become empirical generalizations, and that the objectivity of notions 'right' and 'wrong' would be lost; Husserl would have to prove that this position is impossible to hold... and this he does not do.”<sup>(১৮)</sup>

সংশয়াত্মক আপেক্ষিকতাবাদের বিরুদ্ধে হুসার্লের যুক্তিগুলি আপাত বিচারে উপযুক্ত মনে হয়। কিন্তু একটু গভীরে পর্যালোচনা করলে বোঝা যায় যে এগুলি ত্রুটিহীন নয়।

প্রথম যুক্তিটিতে হুসার্ল যা প্রমাণ করতে চেয়েছেন তা হ'ল সত্যতা যদি নির্দিষ্ট কোন জন-গোষ্ঠী বা প্রজাতি নির্ভর হয় তাহলে ‘সত্যতা’-র অর্থই হারিয়ে যায়। তিনি ‘সত্যতার’ এক নির্দিষ্ট অর্থ আগে থেকেই ধরে নিয়েছেন, যা নিয়ে আপেক্ষিকতাবাদীদের সঙ্গে তার বিতর্ক!

দ্বিতীয় যুক্তিটির প্রতিপাদ্য ছিল যদি কোন চিন্তনশীল সত্তা এমন এক অর্থে সত্যতার কথা বলেন, যে অর্থে অন্যেরা সত্যতাকে বোঝেন না, তাহলে আলোচ্য বিষয়টি নিছক এক ভাষাগত বিতর্কে পর্যবসিত হবে। কিন্তু এই যুক্তি গুরুত্ব হারাতে যদি আপেক্ষিকতাবাদীরা স্বীকার করে নিতে রাজী হয়ে যান যে তাঁরা মত বদলেছেন,



এবং সত্যতার যে বস্তুগত অর্থের কথা বলা হচ্ছে, তাঁরা তার বিরুদ্ধে যাচ্ছেন না। সেক্ষেত্রে হসার্লের উপরেই দায়িত্ব বর্ষবে এটা দেখানো যে তাঁর ‘সত্যতা’র অর্থ কি অর্থে বস্তুগত। প্রমাণটি তখন ‘ন যযৌ ন তসৌ’ অবস্থায় পড়বে।

পঞ্চম যুক্তিটি বিরোধভাস-সংক্রান্ত: সত্যতা যদি কোন প্রজাতির মানসিক গঠনের উপর নির্ভর করে তাহলে কোন একটি বচনের সত্যতাও প্রজাতি-নির্ভর হয়ে পড়বে। এই যুক্তির মধ্যে দ্ব্যর্থকতা রয়েছে, যে দ্ব্যর্থকতার অভিযোগ হসার্ল প্রতিপক্ষের বিরুদ্ধে করেছেন। হসার্লের যুক্তি থেকে বাস্তবিক যা নিঃসৃত হয় তাহল “...the subjective belief of the non-existence of a certain condition derives from its very structure...”<sup>(১৯)</sup> কারোর কাছে এটা কিছুটা হৃদয়-বিদারক মনে হতে পারে, কিন্তু এর মধ্যে কোন অবাস্তবতা নেই।

হসার্লের ষষ্ঠ যুক্তিটি জাগতিক অস্তিত্বের আপেক্ষিকতা প্রদর্শনে নিয়োজিত। যুক্তিটি এই আশ্রয়বাক্যের উপর নির্ভরশীল যে বস্তুগত জগৎ-সম্পর্কে ব্যক্তিগত বিশ্বাসের মতোই পরিবর্তনশীল। আপেক্ষিকতাবাদীদের এটা মেনে নিতে হবে এমন কোন বাধ্যবাধকতা নেই। যদি জগতের ধারণা স্বতেই ব্যক্তিগত হয় তাহলে এর থেকে নিঃসৃত হয়। যে এই জগত ব্যক্তিগত মানসিক গঠনের পরিবর্তনের সঙ্গে পরবর্তনশীল। তখন জগৎ সংশ্লিষ্ট প্রজাতিরী স্রষ্টা হবে এবং এই প্রজাতিই পরস্পরক্রমে বিষয়গত জগতের সৃষ্টি করবে। হসার্ল এখানে ধরে নিচ্ছেন স্বতন্ত্র বস্তুগত জগৎ বলে কিছু আছে। শুধু তাই নয়, জগতের অস্তিত্ব চিন্তনশীল সত্তার স্বীকৃতির উপর নির্ভর করে। এটাও তিনি স্বীকার করে নিচ্ছেন যে যুক্তিটির মধ্যে তাই চক্রতার দোষ রয়েছে।

মনস্তত্ত্ববাদের পিছনে যেসব সংস্কার রয়েছে হসার্ল তার যে ব্যাখ্যা করেছেন তা আদর্শনিষ্ঠ বিজ্ঞান ও তাত্ত্বিক বিজ্ঞানের মধ্যকার পার্থক্যকে, অনেক ধোঁয়াটে ধ্যানধারণাকে পরিষ্কার করেছে। কিন্তু এসব কিছুর মধ্যে এক ধরনের আদর্শনিষ্ঠ ভাববাদের প্রতি এক পক্ষপাতিত্ব রয়েছে। হসার্ল ও ফ্রেগে উভয়েই যা স্থির, আদর্শগত (Ideal) তার প্রতি দুর্বলতা দেখিয়েছেন। আমরা কি একে সংস্কার বা পূর্বস্বীকৃতি বলব না? হসার্ল যা বিয়বীগত তার উর্কে যা বস্তুগত, যা আদর্শগত তার প্রতি আমাদেরকে মনোযোগ দিতে ইঙ্গিত করেছেন। কিন্তু যা স্থির, আদর্শগত তা কিভাবে বাস্তবের সঙ্গে সম্পর্কিত হয় তার পর্যাপ্ত ব্যাখ্যা তিনি দেন নি। তাই হসার্ল মনস্তত্ত্ববাদের সম্পূর্ণ খন্ডন করতে সমর্থ হয়েছেন বলা যায় না। অধ্যাপক সুকাল এ প্রসঙ্গে সুন্দর মন্তব্য করেছেন। তার উদ্ধৃতি দিয়েই আমরা এ অংশের আলোচনার ইতি টানব: “Neither Frege nor Husserl have shown that psychologism is untenable. ...each in their own way construct a rival position which could seriously compete with consistently developed psychologism...”<sup>(২০)</sup>

পাঁচ.

আলোচনার এই শেষ পর্যায়ে হসার্লের মনস্তত্ত্ববাদ- উত্তরণ প্রসঙ্গে সিদ্ধান্তনুগ দু’একটি পর্যালোচনা লিপিবদ্ধ করব। প্রথমেই বলে রাখা ভাল যে যদিও হসার্ল মনস্তত্ত্ববাদকে জ্ঞানতত্ত্বের ভিত্তি হিসাবে অস্বীকার করেছেন তথাপি মনস্তত্ত্বের গুরুত্বকে তিনি কখনোই ছোট করেন নি। তিনি উৎপত্তিতত্ত্ব হিসাবে অভিজ্ঞতা-নির্ভর মনস্তত্ত্বকে মেনে নিতে পারেন নি, কিন্তু তাত্ত্বিকতায় ভারাক্রান্ত নয় এমন বর্সনাত্মক মনস্তত্ত্বকে সমর্থন করেছেন। পরবর্তীকালের লেখাগুলিতে, বিশেষ করে *ফেনোমেনোলজিক্যাল সাইকোলজি* এবং *দ্য ক্রাইসিস অফ ইউরোপীয়ান সায়েন্সেস্ অ্যান্ড ট্রানসেনডেন্টাল ফেনোমেনেলজি* গ্রন্থে তিনি মনস্তত্ত্বকে প্রভাসতত্ত্বের সহায়ক হিসাবেই গ্রহণ

করেছেন। বর্ণনাত্মক বিশুদ্ধ মনস্তত্ত্ব আমাদের মনোজগতের বিভিন্ন বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞান দিয়ে থাকে। দৃষ্টান্ত স্বরূপ, মানসিক ক্রিয়ার নির্দেশধর্মিতা (intentionality) এবং আমাদের মনোজগতে *নৈয়োসিস্-নোয়েমা*-র পারস্পরিকতার বিবরণ এই মনস্তত্ত্বে সম্ভব। এই বিবরণ প্রভাসতত্ত্বের বিশ্লেষণকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে। এ প্রসঙ্গে কোন কোন সমালোচক মন্তব্য করেছেন হুসার্ল পরের দিকে পরের রচনাগুলিতে পুনরায় মনস্তত্ত্ববাদের গাড্ডায় পড়েছেন, যাকে তিনি ‘অধিজাগতিক অনুসন্ধান’(transcendental investigations) হিসাবে ব্যাখ্যা করতে চেয়েছেন। কিন্তু অধ্যাপক মোহান্তির মতে, এই তথাকথিত মনস্তত্ত্ববাদের ভ্রান্তিতে পড়া আসলে ঐ ভ্রান্তিকে কাটিয়ে উঠার নিরন্তর প্রচেষ্টার অঙ্গ। এর মধ্য দিয়ে হুসার্ল (১) মনস্তত্ত্ববাদের উৎপত্তিসূত্রের বিষয়টি সম্যকভাবে বুঝতে প্রয়াসী হয়েছেন, (২) মানস-জীবনের উন্নততর এক ধারণা গঠন করতে চেষ্টা করেছেন, যার মধ্য দিয়ে ভ্রান্তিকে কাটিয়ে উঠা যায়, এবং (৩) মনস্তত্ত্ববাদের ভ্রান্তিকে অতিক্রম করে মানসজীবন ও বস্তুজগতের সম্পর্ককে বুঝতে চেয়েছেন।<sup>(২১)</sup>

অধ্যাপক মোহান্তির ব্যাখ্যানুযায়ী, মনস্তত্ত্ববাদ দাঁড়িয়ে আছে একটি বিষয় (a phenomenon) এবং এক ব্যাখ্যা-কাঠামোর (an interpretive) উপর।<sup>(২২)</sup> বিষয়টি এরকম: অবধারণ, শ্রেণী, সংখ্যা প্রভৃতি সত্তা ব্যক্তিবিশেষের মনোজগতের উৎপন্ন সত্তা (products) হিসাবে সামনে আসে। এই সত্তা বা বিষয়গুলির অধিকাংশই প্রকৃতিবাদী ব্যাখ্যার শিকার হয়। ফলে বিষয়ের একটা বিকৃত পরিচয়ই আমরা পেয়ে থাকি। আমাদের মনে রাখতে হবে যা-ই মানসিক (the mental) তাই- মনস্তাত্ত্বিক (the psychological) নয়। কিন্তু যখন কোন মানসিক ঘটনা প্রকৃতিজগতে প্রযোজ্য কারণতার মাধ্যমে ব্যাখ্যাত হয় তখন তা মনস্তাত্ত্বিক হয়ে উঠে। তাই মনস্তত্ত্ববাদের ভ্রান্তি তখনই আমাদের গ্রাস করে যখন মানসিক ঘটনাসমূহকে বস্তুজগতের কার্য-কারণের ভাষায় ব্যাখ্যা করি। মোহান্তির ভাষায় “[W]hat makes psychologism possible in the first place is that interpretive framework within which the life of epistemology comes to be construed as the domain of private particulars or as the subject-matter of introspective or even of scientific psychology”<sup>(২৩)</sup> তাই সত্যিকারের মনস্তত্ত্ববাদের উত্তরণ তখনই সম্ভব হবে যখন আমরা (১) এই ব্যাখ্যাকাঠামোকে চিনতে পারব, (২) বুঝতে পারব কিভাবে এই কাঠামোটি সম্ভব হচ্ছে, এবং (৩) তাকে সম্পূর্ণভাবে বর্জন করতে পারব।

বলা বাহুল্য, নিরপেক্ষ স্বীকৃতিশূন্য দৃষ্টিভঙ্গী থেকে বিষয়কে পর্যবেক্ষণ করা প্রভাসতত্ত্বের যে প্রাথমিক লক্ষ্য তার একটা আবাস আমরা *প্রোলোগোমেনা*-তে পাই। মনস্তত্ত্ববাদী বিভ্রম পরবর্তীকালে *আইডিয়াজ* গ্রহে প্রকৃতিবাদী ভ্রান্তির (naturalistic illusion) অঙ্গ হিসাবে বিবেচিত হয়েছে। এবং এরই-সূত্র ধরে এসেছে হুসার্লের প্রভাসতত্ত্ব বন্ধনী করণ (the *epoche*), যার দৌলতে অধিজাগতিক প্রভাসতত্ত্ব আত্মপ্রকাশ করতে সক্ষম হয়েছে। তাই আমাদের মানতে হবে যে হুসার্লের প্রভাসতত্ত্বের বিবর্তনকে সম্যক অনুধারন করতে হলে প্রাক-প্রভাসতত্ত্ব মনস্তত্ত্ববাদ পর্বটির পর্যালোচনা প্রয়োজন।

## টীকা ও উৎসপঞ্জী:

১. দ্রষ্টব্য: রিচার্ড হাডসনের 'ইনট্রোডাকশন টু সাইকোলজিক্যাল স্ট্যাডিজ ফর এলিমেন্টারী লজিক', যা পিটার ম্যাককরমিক ও ফ্রেডেরিক এ. এলিস্টন (এডি.) হসার্ল: শর্টার এয়ার্কিস (যুনিভার্সিটি অফ নট্রেডাম প্রেস, ইন্ডিয়ানা, ১৯৮১)-এর অন্তর্ভুক্ত। দেখুন পৃষ্ঠা-১২০
২. মারভিন ফারবার: দ্য ফাউন্ডেশন অফ ফেনোমেনোলজি (হার্ভার্ড যুনিভার্সিটি প্রেস, কেমব্রিজ, ১৯৪৩) পৃষ্ঠা-১৭
৩. দ্রষ্টব্য: মাইকেল সুকাল: 'দ্য প্রবলেম অফ সাইকোলজিজম' যা তাঁর নিজের গ্রন্থ কম্প্যারেটিভ স্ট্যাডিজ ইন ফেনোমেনোলজি (মার্তিনুস্ নিজহোফ, দ্য হেগ, ১৯৭৬)-এর অন্তর্গত। দেখুন পৃষ্ঠা-২৪
৪. এডমুন্ড হসার্ল: 'সাইকোলজিক্যাল স্ট্যাডিজ ফর এলিমেন্টারী লজিক', যা হসার্ল: শর্টার ওয়ার্কিস, প্রাণ্ডজ, এর অন্তর্ভুক্ত। পৃষ্ঠা-১৩০
৫. ডি. ফোলেসডল: হসার্ল অ্যান্ড ফ্রেগে (আইকোমিস্জোন হস্ ইচ. অ্যাস্চেহৌগ্ অ্যান্ড কোং, অসলো, ১৯৫৮) পৃষ্ঠা- ৪৭
৬. আর. সি. সলোমন: 'সেন্স অ্যান্ড এসেন্স: ফ্রেগে অ্যান্ড হসার্ল', যা তাঁরই ফ্রম হেগেল টু এক্সিটেনসিয়ালিজম (অক্সফোর্ড যুনিভার্সিটি প্রেস, অক্সফোর্ড, ১৯৮৭) অন্তর্ভুক্ত। দেখুন পৃষ্ঠা-২০৭
৭. জে. এন. মোহান্তি: 'হসার্ল অ্যান্ড ফ্রেগে: এ নিউ লুক অ্যাট দেয়ার রিলেসনশিপ,' যা তাঁর নিজের সম্পাদিত রিডিংস অন এডমুন্ড হসার্লস লজিক্যাল ইনভেস্টিগেশনস্ (মার্তিনুস্ নিজহোফ, দ্য হেগ, ১৯৭২)-এর অন্তর্ভুক্ত। দেখুন পৃষ্ঠা-২৪
৮. ঐ, পৃষ্ঠা-২৫
৯. দ্রষ্টব্য: গটলব ফ্রেগে: ফিলসফিক্যাল অ্যান্ড ম্যাথামেটিক্যাল কনসেপ্শন্স (গটফ্রিট গেরিয়েল প্রমুখ সম্পাদিত, হানস্ কাল অনুদিত, বেসিল ব্ল্যাকওয়েল, অক্সফোর্ড, ১৯৮০) পৃষ্ঠা-৬৩
১০. এডমুন্ড হসার্ল: 'পার্সোনালিশে আউফ সাইন্সজেন' (ওয়াল্টার বিমেল সম্পাদিত), ফিলসফি অ্যান্ড ফেনোমেনোলজিক্যাল রিসার্চ (ষোড়শ খন্ড, ১৯৫৬) পৃষ্ঠা-২৯৪ (জার্মান থেকে অনুবাদ প্রবন্ধকারের নিজের)
১১. এডমুন্ড হসার্ল: লজিক্যাল ইনভেস্টিগেশনস (অনু. জে. এন. ফিল্ডলে, প্রথম খন্ড, রুটলেজ অ্যান্ড কেগান পল, লন্ডন, ১৯৭০) পৃষ্ঠা-৯৯
১২. ঐ পৃষ্ঠা-১৩৯
১৩. ঐ পৃষ্ঠা-১৩৯-৪৪
১৪. ঐ পৃষ্ঠা-১৬৮
১৫. ঐ
১৬. ঐ, পৃষ্ঠা- ১৮১
১৭. ঐ, পৃষ্ঠা-১৮৯
১৮. মাইকেল সুকাল: প্রাণ্ডজ, পৃষ্ঠা-৪৭
১৯. ঐ, পৃষ্ঠা-৪৮
২০. ঐ, পৃষ্ঠা-৪৯
২১. জে. এন. মোহান্তি: 'হসার্ল, ফ্রেগে অ্যান্ড দ্য ওভারকামিং অফ সাইকোলজিজম', যা তাঁর স্বরচিত গ্রন্থ দ্য পিসিবিটি অফ ট্রান্সসেনডেন্টাল ফিলসফি (মার্তিনুস্ নিজহোফ, দ্য হেগ, ১৯৮৫) অন্তর্ভুক্ত। দেখুন পৃষ্ঠা-৭
২২. ঐ, পৃষ্ঠা-৮
২৩. ঐ, পৃষ্ঠা-৯

## শব্দ : ধ্বনি ও বর্ণ

### কেয়া মণ্ডল

শব্দ সম্বন্ধে ভারতীয় দর্শনের আলোচনা বহুমুখী ও অতিবিস্তৃত। প্রতিটি সম্প্রদায়ই শব্দ সম্বন্ধে তাদের সাম্প্রদায়িক অভিমত ব্যক্ত করেছেন। তবে বৈয়াকরণ বা শাব্দিক, মীমাংসা, বেদান্ত ও ন্যায় সম্প্রদায়ে এই আলোচনা অতিমাত্রায় গুরুত্ব পেয়েছে। শাব্দিক দর্শনে শব্দ পরমার্থতঃ অনাদিনিধন ব্রহ্ম<sup>১</sup> হলেও বৈখরী স্তরে শব্দের ব্যবহারিক প্রয়োজন এই দর্শনে কম গুরুত্বপূর্ণ নয়। যদিও এই দর্শনে বর্ণ পদ ও বাক্য নিত্য স্ফোট শব্দেরই অভিব্যঞ্জক, তথাপি বৈখরীস্তরে বর্ণাদির দ্বারাই যে তাদের অর্থের ব্যবহার হয়ে থাকে তা তারা স্পষ্ট ভাবেই ব্যক্ত করেছেন। অপরদিকে বস্তুবাদী ন্যায়দর্শনে ব্যবহারিক-পরমার্থিক ভেদ স্বীকৃত হয়নি। যে শব্দ আমরা দৈনন্দিন জীবনে শ্রবণ করি বা ব্যবহার করি সেই শব্দই এই দর্শনে একমাত্র শব্দ, এর অতিরিক্ত কোন শব্দ নেই। ন্যায়মতে এই শব্দ উৎপত্তি-বিনাশশীল, জ্ঞানবাহক, জ্ঞান ব্যবহারের হেতু ও আকাশাশ্রিত।

শব্দ ন্যায়মতে আকাশ দ্রব্যের বিশেষগুণ।<sup>২</sup> এই গুণ শ্রোত্রেন্দ্রিয়গ্রাহ্য। তর্কসংগ্রহ প্রভৃতি গ্রন্থে শ্রোত্রগ্রাহ্য গুণত্বকেই শব্দের লক্ষণ করা হয়েছে।<sup>৩</sup> এই শব্দ ন্যায়মতে অনিত্য, এবং তার উৎপত্তিতে অকাশ সর্বদা সমবায়িকারণ হয়। শব্দের এটি তাত্ত্বিক দিক। এছাড়া শব্দ ন্যায়মতে চতুর্বিধ প্রমাণের অন্যতম। শব্দ থেকে আমাদের শাব্দবোধ হয়। পদজন্য পদার্থের বোধই হল শাব্দ বোধ। পদ শক্তি বা লক্ষণা বৃত্তির দ্বারা পদার্থের বোধ জন্মায়। সংসর্গবিশিষ্ট পদসমূহ থেকে হয় বাক্যার্থবোধ। এটি হল শব্দের জ্ঞানতাত্ত্বিক দিক। শব্দ সম্বন্ধে ন্যায় সম্প্রদায়ের তাত্ত্বিক ও জ্ঞানতাত্ত্বিক এই দুটি দিকের সংগতি বিধান কল্পে নৈয়ায়িকদের কোন কোন সিদ্ধান্ত অপরিপূর্ণ ও দুর্বল যুক্তির উপর প্রতিষ্ঠিত বলে প্রতিভাত হয়। এই প্রবন্ধে আমরা এইরূপ দুটি ন্যায় সিদ্ধান্তের পর্যালোচনা করবো। এই দুটি সিদ্ধান্তের প্রথমটি হল শব্দের ধ্বনি ও বর্ণের ভেদ। নৈয়ায়িকগণ শব্দকে ধ্বনি ও বর্ণভেদে দ্বিবিধ বলেছেন অথচ এই দ্বিবিধ শব্দের ভেদানু মাপক অস্পষ্ট। দ্বিতীয় সিদ্ধান্তটি হল শব্দের বিনাশ সংক্রান্ত। ন্যায়সিদ্ধান্ত অনুযায়ী শব্দ অনিত্য এবং তার উৎপত্তি সংযোগ, বিভাগ বা শব্দজন্য। কিন্তু শব্দের নাশ সম্বন্ধে ন্যায় সিদ্ধান্ত দুর্বল যুক্তির উপর প্রতিষ্ঠিত বলেই বোধিত হয়।

ন্যায়সূত্রের ভাষ্যকার বাৎসায়ন ২/২/৩৯ সূত্রের ভাষ্যান্তে শব্দের ধ্বনি ও বর্ণের বিভাগ নির্দেশ করতে বলেছেন, “দ্বিবিধশচায়ং শব্দো বর্ণাশ্চকো ধ্বনিমাত্রশ্চ”<sup>৪</sup>। প্রশস্তপাদাচার্য বলেছেন “স দ্বিবিধো বর্ণলক্ষণো ধ্বনিলক্ষণশ্চ”। কিন্তু এই দুই প্রকার শব্দের নামোল্লেখখমাত্রই এখানে পরিলক্ষিত হয়, তাদের সম্বন্ধে কোন আলোচনা পরিলক্ষিত হয় না। তর্কসংগ্রহকার অন্নমভট্ট তর্কসংগ্রহে শব্দের আলোচনা প্রসঙ্গে তার বিভাগ নির্দেশ করতে বলেছেন “স দ্বিবিধঃ ধ্বন্যাশ্চকো বর্ণাশ্চকশ্চেতি। ধ্বন্যাশ্চকো ভের্যাদৌ। বর্ণাশ্চকঃ সংস্কৃত ভাষাদিরূপঃ।”<sup>৫</sup> বিশ্বনাথ ন্যায় পঞ্চাননও তাঁর ভাষ্যপরিচ্ছেদের ১৬৪ কারিকায় শব্দের উক্তবিভাগ নির্দেশ করতে গিয়ে বলেছেন “শব্দো ধ্বনিশ্চ বর্ণশ্চ মৃদঙ্গাদিভবো ধ্বনিঃ।”<sup>৬</sup> অন্নমভট্ট ও বিশ্বনাথের বক্তব্য পর্যালোচনা

করলে দেখা যায় যে ধ্বনি ও বর্ণ এই দুই প্রকার বিভাগের দৃষ্টান্ত ছাড়া এই দুই প্রকার শব্দ সম্বন্ধে তাঁরা আর বিশেষ কিছুই উল্লেখ করেননি। তাঁদের আলোচনা থেকে আমরা বলতে পারি যে মৃদঙ্গ, ঘণ্টা প্রভৃতি থেকে যে শব্দ উৎপন্ন হয় তা ধ্বনি। কণ্ঠ, তালু প্রভৃতির অভিঘাত বা সংযোগ থেকে যে শব্দ উৎপন্ন হয় তা হল বর্ণ, যেমন- অ,আ,ক,খ ইত্যাদি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করার পূর্বে শব্দের উৎপত্তি সম্বন্ধে ন্যায়মত আলোচনা করা প্রয়োজন।

ন্যায়মতে শব্দের উৎপত্তি তিনভাবে হয়। উৎপত্তি ক্রমানুসারে শব্দ তাই ত্রিবিধ, যথা- সংযোগজশব্দ, বিভাগজ শব্দ ও শব্দজ শব্দ।<sup>১</sup> দুটি দ্রব্যের সংযোগে (অভিঘাতে) উৎপন্ন শব্দ যেমন ভেরী ও দণ্ডের সংযোগে উৎপন্ন শব্দ হল সংযোগজ শব্দ। সেইরূপ কোন একটি পদার্থের বিভাগ থেকে উৎপন্ন শব্দ যেমন একটি বাঁশকে দ্বিধা বিভক্ত করার ফলে যে শব্দ উৎপন্ন হয় তা হল বিভাগজ শব্দ। একটি শব্দ থেকে যখন অপর একটি শব্দ উৎপন্ন হয় তখন এই দ্বিতীয় শব্দটিকে বলা হয় শব্দজ শব্দ।

ভেরী-দণ্ড সংযোগজ শব্দের উৎপত্তিতে সমবায়িকারণ হল ভেরীর দ্বারা অবচ্ছিন্ন আকাশ, ভেরীর ও আকাশের সংযোগ হল অসমবায়িকারণ এবং ভেরীদণ্ডসংযোগ হল নিমিত্তিকারণ। বিভাগজ শব্দ স্থলে বংশগ্রস্থির দ্বারা অবচ্ছিন্ন আকাশ সমবায়িকারণ, ঐ বংশগ্রস্থির সঙ্গে আকাশের বিভাগ অসমবায়িকারণ। নিমিত্তিকারণ হল বংশগ্রস্থির দ্বিধা বিভাগ। এ হল সংযোগজ ও বিভাগজ প্রথম ধ্বন্যাঙ্ক শব্দের উৎপাদক কারণ সমূহ। শব্দজ শব্দ হল দ্বিতীয়াদি শব্দ এবং নিমিত্তিকারণ হল অনুকূল বায়ু। দীপিকাটীকায়<sup>২</sup> এভাবে অন্নম্ভট্ট ধ্বন্যাঙ্ক শব্দের উৎপত্তি প্রক্রিয়া বর্ণনা করেছেন। কিন্তু বর্ণাঙ্ক শব্দের উৎপত্তি প্রক্রিয়া সম্বন্ধে তিনি এখানে কিছুই বলেননি। তিনি বর্ণাঙ্ক শব্দের কেবল একটি উদাহরণ দিয়েছেন। তাঁর মতে বর্ণাঙ্ক শব্দ হল সংস্কৃত ভাষাদিরূপ। ন্যায়শাস্ত্রের বিভিন্ন টীকা-টীপ্পনী ও প্রশস্তপাদভাষ্য<sup>৩</sup> থেকে বলা যেতে পারে যে, বর্ণাঙ্ক প্রথম শব্দের প্রতি আকাশ সমবায়িকারণ, কণ্ঠ, তালু প্রভৃতির সঙ্গে আকাশের সংযোগ অসমবায়িকারণ এবং কণ্ঠ, তালু প্রভৃতির সঙ্গে বায়ু প্রভৃতির সংযোগ নিমিত্তিকারণ যে ব্যক্তির কোন সময়ে বর্ণবিষয়ক অনুভব হয়েছে এবং তজ্জন্য সংস্কার আছে সেই ব্যক্তির বর্ণবিষয়ক স্মৃতি হলে আত্মার সঙ্গে মনের সংযোগ হয়, তার ফলে স্মৃতবর্ণ সদৃশ বর্ণ উচ্চারণের ইচ্ছা হয়। পরক্ষণে ঐ ইচ্ছার দ্বারা প্রযত্ন হয়। ঐ প্রযত্ন নিমিত্ত কারণরূপে আত্মার সঙ্গে বায়ুর সংযোগ ঘটায়, ঐ আত্মা-বায়ুসংযোগ উদরের নিম্নদেশস্থ বায়ুতে ক্রিয়া উৎপন্ন করে। তখন ঐ বায়ু উপরের দিকে গমন করতে থাকে এবং ক্রমশঃ কণ্ঠ, তালু আদি বর্ণোচ্চারণ স্থানকে অভিঘাত করে। ঐ স্থানাবচ্ছিন্ন আকাশ সমবায়িকারণ রূপে; তৎতৎ স্থানের সঙ্গে আকাশের সংযোগ অসমবায়িকারণরূপে এবং প্রযত্নবদাত্মসংযুক্ত বায়ুর তত্তৎস্থানে অভিঘাত রূপ সংযোগ নিমিত্তিকারণরূপে বর্ণাঙ্ক শব্দকে উৎপন্ন করে।<sup>৪</sup> বস্তুর মুখবিহুরাবচ্ছিন্ন আকাশে উৎপন্ন বর্ণাঙ্ক শব্দ বীচিতরঙ্গাদি রীতিতে শ্রোতার শ্রোত্রেন্দ্রিয়ে সজাতীয় শব্দ উৎপন্ন করে এবং ঐ শব্দ প্রত্যক্ষের বিষয় হয়ে থাকে। দ্বিতীয়াদি শব্দের প্রতি প্রথমশব্দ অসমবায়িকারণ হয়। যদিও প্রত্যেক শব্দের উৎপত্তি ভিন্ন ভিন্ন দ্রব্যাবচ্ছিন্ন আকাশে হয়, তথাপি তাতে আকাশের ভেদ হয় না। সকল শব্দের উৎপত্তিতে একই আকাশ সমবায়িকারণ হয়।

শব্দজ শব্দ কিভাবে কর্ণগোচর হয় তা নিয়ে ন্যায় সম্প্রদায়ে দুটি ভিন্ন মত প্রচলিত আছে। এদুটি মতের একটিকে বলা হয় বীচিতরঙ্গন্যায় এবং অপরটিকে বলা হয় কদম্বকোরকন্যায়।<sup>৫</sup>

ন্যায়মতে যেকোন প্রকার শব্দই উৎপত্তির পর তার চতুর্দিকে বিভিন্ন শব্দ উৎপন্ন করে। সেই শব্দান্তর

থেকে আবার তার চতুর্দিকে শব্দ উৎপন্ন হয়। এভাবে প্রথম থেকে দ্বিতীয়শব্দ এবং দ্বিতীয় থেকে তৃতীয়াদি শব্দ উৎপন্ন হয়। এইরূপ দ্বিতীয়াদি শব্দকে বলা হয় শব্দজ শব্দ। বীচিতরঙ্গন্যায় অনুসারে স্তিমিত জলের উপর পাথর ছুঁড়লে তা থেকে তরঙ্গ উৎপন্ন হয়। এই তরঙ্গ তার চতুর্দিকে অপর তরঙ্গ সৃষ্টি করে। সেই তরঙ্গ পুনরায় তার চতুর্দিকে অন্যান্য তরঙ্গ উৎপন্ন করে। এভাবে তরঙ্গ উৎপন্ন হতে হতে শেষে তীরে এসে তা স্তিমিত হয়। ঠিক তেমনি সংযোগজ, বিভাগজ অথবা শব্দজ যে কোন শব্দই হোক না কেন, সেই শব্দ প্রথমে নিজের চারদিকে শব্দ উৎপন্ন করে। সেই শব্দান্তর আবার তার চারদিকে শব্দ উৎপন্ন করে। এভাবে চলতে চলতে শ্রোতার কর্ণকুহরে শব্দ উৎপন্ন হলে সেই শব্দই শ্রোতা শুনতে পান। একে বলে বীচিতরঙ্গন্যায়ে শব্দোৎপত্তি।

কেউ কেউ আবার মনে করেন প্রথমোৎপন্ন শব্দ তার দশদিকে দশটি শব্দ যুগপৎ উৎপন্ন করে। সেই দশটি শব্দের প্রত্যেকটি আবার তার দশদিকে দশটি করে শব্দ উৎপন্ন করে। সেই উৎপন্ন শব্দগুলি আবার প্রত্যেকে নিজের দশদিকে দশটি করে শব্দ উৎপন্ন করে। সেই উৎপন্ন শব্দগুলি আবার প্রত্যেকে নিজের দশদিকে দশটি করে শব্দ উৎপন্ন করে। এভাবে শব্দ উৎপন্ন হতে হতে যখন শ্রোতার শ্রবণাকাশে উৎপন্ন হয়, তখন সেই শব্দ শ্রোতার স্ফুটিগোচর হয়। একে বলে কদম্বকোরকন্যায়ে শব্দোৎপত্তি। সুতরাং দেখা যায় যে, যে কোন প্রকার শব্দই (ধ্বনি বা বর্ণ) হোক না কেন শব্দজ শব্দই শ্রোতার কর্ণকুহরে পৌঁছে থাকে। প্রথম উৎপন্ন শব্দ শ্রোতা কখনও শুনতে পান না, উচ্চারিত শব্দের সজাতীয় শ্রবণাকাশে উৎপন্ন শব্দকেই তিনি শোনেন। আবার শ্রবণাকাশেই ঐ শব্দ স্তিমিত হয়।

উপরিউক্ত আলোচনা থেকে দেখা যায় যে, তাত্ত্বিক দিক থেকে যদিও শব্দ ধ্বনি ও বর্ণভেদে দ্বিবিধ তথাপি জ্ঞানতাত্ত্বিক দিক থেকে কেবল বর্ণাত্মক শব্দই শব্দ। ধ্বন্যাশ্রয়ক শব্দ কখনো শব্দপ্রমাণের অন্তর্গত হয় না। শুধু তাই নয়, মানুষ যখন সম্যক ভাবে জ্ঞাত তথ্যকে শব্দ উচ্চারণের মাধ্যমে অপরের নিকট প্রকাশ করে তখন কেবলমাত্র সেই শব্দই শব্দ প্রমাণের অন্তর্গত হয়। এইরূপ শব্দ উচ্চারণই হল শব্দ-ব্যবহার। এইরূপ শব্দ থেকে শ্রোতার যে অর্থবোধ হয় তাই হল শব্দবোধ বা শব্দপ্রমাণ। তাত্ত্বিক দিক থেকে শব্দের পরিধি অতিবিস্তৃত হলেও জ্ঞানতাত্ত্বিক দিক থেকে তাই শব্দের পরিধি অধি সংক্ষিপ্ত, আবার বর্ণাত্মক শব্দ বলতে বর্ণ (অক্ষর), পদ ও বাক্য এই ত্রিবিধ শব্দকেই বোঝানো হয়। 'ক', 'খ' প্রভৃতি বর্ণ। কয়েকটি বর্ণের সমুদায় হল পদ। আবার কয়েকটি পদের সমুদায় কে বলা হয় বাক্য। বর্ণকে যেমন শব্দ বলা হয় তেমনি পদকে ও বাক্যকেও শব্দ বলা হয়। সাধারণতঃ বর্ণকে <sup>১১</sup> শব্দ বলা হলেও তাকে শব্দ প্রমাণ বলা হয় না। আবার পদকে শব্দ বলা হলেও তাকে শব্দ প্রমাণ বলা হয় না। <sup>১২</sup> কেবলমাত্র বাক্যকেই শব্দ প্রমাণ বলা হয়। তাই দেখা যায় যে, বর্ণাত্মক শব্দের মধ্যেও বিশেষ এক প্রকার বর্ণাত্মক শব্দই জ্ঞানতাত্ত্বিক দিকে থেকে তাৎপর্যপূর্ণ। বক্তার উচ্চারিত বাক্য যা শ্রবণেন্দ্রিয়ের দ্বারা গ্রহণ করা যায় তাই যথার্থ শব্দ প্রমাণ। এদিক থেকে শাস্ত্র বা গ্রন্থকেও সাক্ষাৎ শব্দ প্রমাণ বলা যায় না। শাস্ত্র বা গ্রন্থ হল লিপি সমষ্টি। শাস্ত্র বা গ্রন্থের লিপি দেখে শব্দের অনুমিতি হয়। লিপি বর্ণের অনুমাপক রেখা মাত্র। এই রেখাগুলি পদ নয়। তারা বর্ণের অভিব্যঞ্জক। এই সকল রেখা দেখে শব্দানুমিতি হয়। এই শব্দানুমিতি থেকে শক্তিজ্ঞানের মাদ্যমে অর্থের যে অবগতি হয় তাই শব্দ জ্ঞান বা শব্দবোধ। তাই গৌণ অর্থেই শাস্ত্র কে প্রমাণ বলা হয়। বস্তুতঃ পদজ্ঞানের পশ্চাতে কোথাও পদের শ্রবণপ্রত্যক্ষ, কোথাও পদের অনুমিতি, আবার কোথাও পদের স্মৃতিরূপ জ্ঞান বর্তমান থাকে।

এখন প্রশ্ন হল: ধ্বন্যাশ্রয়ক শব্দ থেকে শব্দবোধ হয় না কেন? সাধারণভাবে বলা যায় যে, ধ্বন্যাশ্রয়ক

শব্দ অর্থহীন বলেই তা থেকে শব্দবোধ হয় না। কিন্তু এরূপ উত্তর কি সম্ভব? সব ধ্বনিই কি অর্থহীন? সাইরেনের ধ্বনি কি শব্দ-পঙ্কের বিমান হানার সংকেত বহন করেনা? সাইরেনের ধ্বনিতে এরূপ সংকেত থাকে বলেই সাইরেন শোনামাত্র মানুষ যত শীঘ্র পারে অন্তরালে চলে যায়। আবার বিচারক যখন টেবিলে হাতুড়ি ঠোকেন তখন তার দ্বারা আমরা বুঝে থাকি যে বিচারকক্ষকে তিনি শাস্ত হতে বলছেন। তাই ধ্বনি যে সর্বদা অর্থহীন একথা আমরা বলতে পারিনা। আবার বর্ণাঙ্ক শব্দের মধ্যেও বর্ণ বা অক্ষর অর্থহীন। তৎসঙ্গেও তা শব্দ প্রামাণ্যের অন্তর্গত। সুতরাং অর্থ থাকা বা না থাকার দিক থেকে ধ্বনি ও বর্ণের পার্থক্য নিরূপণ করা ঠিক নয়। একথা ঠিক যে, উৎপত্তির দিক থেকে নৈয়ায়িকগণ ধ্বনি ও বর্ণের পার্থক্য সুস্পষ্ট ভাবেই ব্যক্ত করেছেন। কিন্তু তার দ্বারা ধ্বনির কেন জ্ঞানতাত্ত্বিক অবদান থাকে না তা ব্যক্ত হয় না।

ন্যায়সম্প্রদায়ের আলোচনার সূত্র ধরে আমরা কেবল এটাই বলতে পারি যে বর্ণাঙ্ক শব্দ বক্তার কোন অভিপ্রায়কে শ্রোতার নিকট পৌঁছে দেবার জন্যই উচ্চারিত হয়। কিন্তু ধ্বনি সেভাবে উচ্চারিত হয় না। ধ্বনি অনেকক্ষেত্রেই ইস্তিত বহন করে একথা ঠিক। কিন্তু তা শ্রোতাকে বোঝানোর জন্য বক্তার অভিপ্রের্ত বাক্য নয়। শব্দবোধ বলতে যেহেতু বক্তার উচ্চারিত পদ সমুদায় থেকেই শ্রোতার বোধকে বোঝায় সেহেতু বর্ণাঙ্ক শব্দকে শব্দ প্রামাণ্যের অন্তর্গত করা হয়েছে, কিন্তু ধ্বন্যাঙ্ক শব্দকে শব্দ প্রামাণ্যের অন্তর্গত করা হয়নি।

আমাদের আলোচ্য দ্বিতীয় ন্যায় সিদ্ধান্তটি হল শব্দের বিনাশ-সংক্রান্ত। ন্যায়মতে শব্দ অব্যাপ্যবৃত্তি গুণ। অর্থাৎ শব্দগুণ সারা আকাশে ব্যাপ্ত থাকে না। আকাশের এক অবচ্ছেদে যখন শব্দ থাকে তখন অন্য অবচ্ছেদে তার অভাব থাকে। সম্পূর্ণ আকাশ জুড়ে কোন শব্দই থাকে না। এই শব্দ উৎপত্তি বিনাশশীল হয় এবং তৃতীয়ক্ষেপে বিনষ্ট হয়। এখন প্রশ্ন হল শব্দ বিনষ্ট হয় কিভাবে। ইতিপূর্বে আমরা শব্দ কিভাবে উৎপন্ন হয় তা দেখেছি। এখন দেখা যাক শব্দ কিভাবে বিনষ্ট হয়। বলাইবাচ্ছ্য, এবিষয়ে নৈয়ায়িকদের যুক্তিতে শৈথিল্য পরিলক্ষিত হয় এবং ঐ শৈথিল্যবশতঃই বিস্তর মতভেদও পরিলক্ষিত হয়।<sup>১৪</sup>

নৈয়ায়িকগণ এ বিষয়ে একমত যে একটি শব্দ তার পরবর্তী শব্দের দ্বারা বিনষ্ট হয়। ন্যায়সিদ্ধান্ত অনুযায়ী আত্মা ও আকাশের প্রত্যক্ষযোগ্য বিশেষ গুণ সমূহ যোক্তরবর্তী গুণের দ্বারা বিনষ্ট হয়ে থাকে।<sup>১৫</sup> অর্থাৎ প্রথম শব্দ দ্বিতীয়শব্দের দ্বারা এবং দ্বিতীয় শব্দ তৃতীয় শব্দের দ্বারা বিনষ্ট হয়। দ্বিতীয় শব্দের প্রতি প্রথম শব্দটি অসমবায়িকারণ হওয়ায় দ্বিতীয় শব্দটি প্রথম শব্দটির স্বজন্য ও যোক্তরবর্তী দ্বিতীয় শব্দটির দ্বারাই প্রথম শব্দটি বিনষ্ট হয়। এইভাবে দ্বিতীয় শব্দটি তৃতীয় শব্দের দ্বারা, তৃতীয় শব্দটি চতুর্থ শব্দের দ্বারা বিনষ্ট হয়ে থাকে। কিন্তু এই শব্দধারা তো আর অনন্ত নয়। এই শব্দধারা শ্রেত্রোদ্রিয় বা কর্ণকোশে এসে স্তিমিত হয়। যেখানে এসে শব্দধারা স্তিমিত হয় সেটিই সেই ধারার অন্তিম শব্দ। এই অন্তিম শব্দের পর আর কোন শব্দ উৎপন্ন হয় না। তাহলে প্রশ্ন জাগে যে, এই অন্তিম শব্দ বিনষ্ট হয় কিভাবে। এই অন্তিম শব্দকে অবিনাশী বলা যায় না। কারণ উৎপন্ন ভাব পদার্থ মাত্রই বিনাশী। তাহলে এই অন্তিম শব্দের যাতক বা বিনাশক কে হতে পারে? স্বজন্য যোক্তরবর্তী কোন শব্দ এই শব্দের যাতক হতে পারেনা কারণ তা অন্তিম, এরপর আর ঐ ধারার কোন শব্দ উৎপন্ন হয় না। সীকৃত নিয়মে অন্তিম শব্দের বিনাশ হতে পারে না বলে অন্তিম শব্দটির বিনাশের জন্য নৈয়ায়িকগণকে উপায়ান্তর অন্বেষণ করতে হয়েছে। পর্যাপ্ত যুক্তির অভাবে গৌরপিক দৃষ্টান্তেরও সাহায্য নিতে হয়েছে।

ভাষ্যকার বাৎসায়নের মতে শব্দ থেকে শব্দান্তরের উৎপত্তিক্রমে অনন্তকাল শব্দের উৎপত্তি হয় না, তাহলে অতি দূরস্থ ব্যক্তিরও শ্রবণ প্রদেশে শব্দের উৎপত্তি হত, সে ব্যক্তিও ঐ শব্দ শ্রবণ করতে পারত। সুতরাং

যে শব্দ আর শব্দান্তর উৎপন্ন করে না এমন চরম শব্দ অবশ্যই স্বীকার করতে হবে। ঐ চরম শব্দের কার্যরূপ কোন শব্দ না থাকায় তার বিনাশের কারণরূপে স্বজন্য স্বেত্তরবর্তী কোন শব্দ থাকে না। কিন্তু এরূপ চরমশব্দের বিনাশের কারণ নির্দেশ করা দরকার। ভাষ্যকার এজন্য বলেছেন যে কুড্য (দেওয়াল) প্রভৃতি যে প্রতিঘাতি-দ্রব্য তার সঙ্গে আকাশের সংযোগই চরম শব্দকে বিনষ্ট করে।<sup>১৬</sup> বক্রকুড্য ব্যবধানে নিকটস্থ ব্যক্তিও শব্দ শ্রবণ করে না, ব্যবধান না থাকলে দূরস্থ ব্যক্তিও শব্দ শ্রবণ করে, এই যুক্তির উল্লেখ করে ভাষ্যকার কুড্যা দ্রব্যের সঙ্গে আকাশের সংযোগ যে চরম শব্দকে বিনষ্ট করে তা প্রমাণ করেন। কুড্যা প্রতিঘাতি-দ্রব্যের সঙ্গে আকাশের সংযোগের ফলে শব্দান্তর উৎপন্ন হতে না পারায় কোন ব্যক্তিই ঐ শব্দ শ্রবণ করতে পারে না।

দৈনন্দিন অভিজ্ঞতায় আমরা লক্ষ্য করি যে হস্তক্রিয়ার দ্বারা হাত ও ঘন্টার প্রক্ষেপ হলে অর্থাৎ শব্দায়মান ঘন্টাকে হাত দিয়ে চেপে ধরলে শব্দ স্তব্ধ হয়ে যায়। শব্দায়মান ঘন্টাকে হাত দিয়ে চেপে ধরলে শব্দোৎপত্তি আর না হওয়ায় শব্দ শ্রবণ হয় না। সুতরাং ঐ স্থলে হস্তরূপ প্রতিঘাতি দ্রব্যের সঙ্গে ঘন্টার সংযোগবিশেষ ঘন্টাশ্রবণরূপ সংস্কারকে যে বিনষ্ট করে তা অনুমানের দ্বারা বোঝা যায়। বেগরূপ সংস্কার শব্দ-সন্তানের নিমিত্তকারণ, তার বিনাশে শব্দ-সন্তান উৎপন্ন হতে পারে না। উদাহরণ স্বরূপ বলা যায় যে, গতিমান বাণের গতিক্রিয়ার নিমিত্ত কারণ বেগরূপ সংস্কার কোন প্রতিঘাতি দ্রব্যে সংযোগবশত বিনষ্ট হলে তখন আর ঐ বাণের গতি থাকে না। এইরূপ অন্যত্রও ক্রিয়ার নিমিত্তকারণ সংস্কারের বিনাশে কস্পাদি ক্রিয়ার নিবৃত্তি হয়। অনুরূপভাবে শব্দের নিমিত্তকারণান্তর বেগরূপ সংস্কারের নাশ হওয়ায় কারণের অভাবে শব্দরূপ কার্য জন্মিতে পারে না। এই জন্যই ঐ সময় ঘন্টা দিতে শব্দ-সন্তান উৎপন্ন হয় না এবং শব্দ-শ্রবণও হয় না। শব্দায়মান কাঁসার পাত্র প্রভৃতিকেও হাত দিয়ে চেপে ধরলে শব্দের নিমিত্ত কারণ বেগরূপ সংস্কার বিনষ্ট হয় এবং এর ফলে শব্দ আর উৎপন্ন হয় না। বার্তিককারও ভাষ্যকারের উক্ত ব্যাখ্যা সমর্থন করেন।<sup>১৭</sup> তাৎপর্যটিকাকার অবশ্য এ ক্ষেত্রে সমবায়িকারণের অভাবে অন্তিম শব্দের শব্দান্তরের অনুৎপত্তি ব্যাখ্যা করেছেন।<sup>১৮</sup> তাঁর মতে ঘন দ্রব্যের (কুড্যা) সঙ্গে সংযুক্ত আকাশ শব্দের সমবায়িকারণ হতে পারে না। অন্তিম শব্দ শব্দান্তরের অসমবায়িকারণ। অন্তিমশব্দ উপস্থিত থাকলেও সমবায়িকারণ আকাশের অভাবে কুড্যা দিতে প্রতিহত অন্তিমশব্দ শব্দান্তর উৎপন্ন করতে পারে না। বরঞ্চ প্রতিঘাতি দ্রব্যের সঙ্গে আকাশে সংযোগ অন্তিম শব্দকে বিনষ্ট করে।

নব্য নৈয়ায়িকগণ ভিন্নতর উপায়ে উক্ত সমস্যা সমাধান করতে চেষ্টা করেছেন। তাঁদের মতে অন্তিম শব্দ যখন আর শব্দান্তর জন্মায় না তখন অন্তিম শব্দকে ক্ষণিক বা একক্ষণ স্থায়ী বলে স্বীকার করাই যুক্তিযুক্ত। সাধারণভাবে শব্দ ত্রিষ্কণে বিনাশী। একক্ষণে উৎপত্তি, একক্ষণ স্থায়ী এবং একক্ষণে তার বিনাশ। কোন কোন ক্ষেত্রে তৃতীয়ক্ষণে শব্দান্তরের উৎপত্তি স্বীকার করে শব্দকে চতুর্থক্ষণে বিনাশী বলা হয়। শব্দ যেহেতু শব্দান্তরের অসমবায়িকারণ সেহেতু শব্দান্তরের উৎপত্তিকাল পর্যন্ত অসমবায়িকারণকে স্থায়ী হতে হয়। কিন্তু যে শব্দের শব্দান্তর নেই সেই শব্দকে শব্দান্তরের অসমবায়িকারণ হতে হয় না। এজন্য অন্তিম শব্দের প্রথম ক্ষণে উৎপত্তি এবং দ্বিতীয়ক্ষণে তার বিনাশ বলা যেতে পারে। এভাবে অন্তিমশব্দের বিনাশ স্বীকার করলে শব্দকে অনিত্য বলতে আর কোন অসুবিধা হয় না।

নৈয়ায়িকগণ পুরাণে বর্ণিত সুন্দ-উপসুন্দন্যায়—এর সাহায্যেও অন্তিম শব্দের বিনাশ স্বীকার করেছেন। পুরাণে বর্ণিত আছে যে সুন্দ ও উপসুন্দ নামক দুই দানবদ্বয় কোন এক দেবদুহিতার রূপদর্শনে পরস্পর পরস্পরের প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে। দেবদুহিতাকে লাভ করার জন্য তারা পরস্পর পরস্পরকে প্রহার করতে থাকে। এর ফলে



পরস্পরের প্রহারে তারা উভয়ে একই সঙ্গে প্রাণত্যাগ করে। অনুরূপভাবে অস্তিমশব্দ পূর্ববর্তী শব্দের দ্বারা উৎপন্ন হবার পর পূর্ববর্তী শব্দ এবং উৎপন্ন শব্দ পরস্পর পরস্পরের প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে। ফলে এদের ক্ষেত্রেও সুন্দ-উপসুন্দের ন্যায় একসঙ্গে উভয়ের বিনাশ ঘটে থাকে। এভাবে অস্তিমশব্দের পূর্ববর্তী শব্দ একই সঙ্গে অস্তিমশব্দের জনক ও নাশক হয়ে থাকে।

উপরিউক্ত আলোচনা থেকে স্পষ্টতঃই বোঝা যায় যে ন্যায়সম্মত অস্তিম শব্দের নাশের সিদ্ধান্ত পর্যাপ্ত যুক্তি নির্ভর নয়। তাঁদের যুক্তি-স্বল্পতায় নানা ধরনের বিকল্প যুক্তি উপস্থাপনের প্রবণতা পরিলক্ষিত হয়। ভাষ্যকার ও ব্যক্তিককার নিমিত্ত কারণের অভাবে অস্তিম শব্দের বিনাশ হয় বলে দাবী করেছেন, আবার তাৎপর্যটীকাকার সমবায়িকারণের অভাবে অস্তিমশব্দের বিনাশ হয় বলে প্রমান করেছেন। নব্যনৈয়ায়িকগণ আবার অস্তিম শব্দকে ক্ষণিক বলার পক্ষপাতি। কিন্তু কোন একটি বিশেষ শব্দের নাশের জন্য বৌদ্ধদর্শনসম্মত ক্ষণিকবাদের আশ্রয় নেওয়া নৈয়ায়িকদের পক্ষে গৌরবের বলে মনে হয় না। আবার পৌরাণিক সুন্দ-উপসুন্দন্যায় গ্রহণ করা হলে একই শব্দকে অস্তিমশব্দের জনক ও নাশক বলতে হয়। কার্যের দ্বারা কারণের বিনাশ-কল্পনা কিছু অযৌক্তিক নয়। কার্য উৎপন্ন হলে কোন না কোন কারণ বিনষ্ট হয়; যেমন পট উৎপন্ন হলে পটের অন্যতম কারণ পটপ্রাণভাব বিনষ্ট হয়। কিন্তু কারণের দ্বারা কার্যের বিনাশ যুক্তিযুক্ত বলে মনে হয় না। জনকত্বে ঘাতকত্বের কল্পনা আর যাই হোক সুস্থ যুক্তি-নির্ভর বলা যায় না।

#### পাদটীকা:

১. “ অনাদিনিধনং ব্রহ্ম শব্দতত্ত্বং যদক্ষরম্  
বিবর্ত্তেতৎর্থভাবেন প্রক্রিয়া জগতো যতঃ।”  
বাক্যপদীয়, ভট্টহরি, শ্রীবিষ্ণুপদ ভট্টাচার্য কর্তৃক বঙ্গানুবাদ, পৃষ্ঠা-১।
২. “আকাশত্বং শব্দাশ্রয়ত্বং ইখঞ্চ শব্দাধিকরণং নবমং দ্রব্যং গগণাত্মকং সিধ্যতি।” সিদ্ধান্ত মুক্তাবলী,  
কারিকা-২৮।
৩. তর্কসংগ্রহ, অন্নম্ভট্ট, নারায়ণ গোস্বামীকৃত বঙ্গানুবাদসহ, পৃষ্ঠা-১৯৪।
৪. ন্যায়ভাষ্য, সূত্র ২/২/৩৯, ন্যায় সূত্র বাৎসায়ন ভাষ্যসহ, পণ্ডিত ফণিভূষণ তর্কবাগীশ সম্পাদিত,  
দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা-৪৬১।  
বৈয়াকরণ দর্শনে ধ্বনি ও বর্ণের এই ভেদ স্বীকৃত নয়। মহাভাষ্যকার বর্ণকেও ধ্বনি বলেছেন। বস্তুতঃ এই দর্শনে স্ফোট শব্দই শব্দ এবং ধ্বনি ও বর্ণ ঐ স্ফোটের অভিব্যক্তি মাত্র (এবং তর্হি শব্দঃ, ধ্বনি শব্দগুণঃ ১/১/৭০)। মহাভাষ্যকারের মতে সাধারণ মানুষ ধ্বনিকেই শব্দ বলে, কাজেই ধ্বনিই হচ্ছে শব্দ (“অথবা প্রতীত পদার্থকো লোকে ধ্বনিঃ শব্দ ইত্যুচ্যতে। ... তস্মাদ্ধ্বনিঃ শব্দ” — পম্পশাস্ত্রিক, মহাভাষ্য)। লক্ষ্য করলে দেখা যায় যে, মহাভাষ্যকার ধ্বনিকে কখনো শব্দের গুণ বলেছেন আবার কখনো ধ্বনিকেই শব্দ বলেছেন আবার কখনো ধ্বনিকে শব্দের অভিব্যক্তি বলেছেন। আচার্য উপবর্ষও ধ্বনি-সংঘাতকেই শব্দ বলেছেন। শাবরভাষ্যে তার উল্লেখও আছে “অথ গৌরিত্যত্র কঃ শব্দ? গকারৌকারবিসর্জনীয় ইতি-ভাবানুপবর্ষঃ,” (শাবরভাষ্য ১/১/৫)। ধ্বনি ও বর্ণকে উপবর্ষ এক ও

- অভিন্ন অর্থেই প্রয়োগ করেছেন। আচার্য শংকরের উক্তি থেকে তা আরো স্পষ্টভাবে ব্যক্ত হয় (বর্ণ এবং তু শব্দঃ ইতি ভগবানুপবর্ষঃ বেদান্তদর্শন ১/৩/২৮)।
৫. তর্কসংগ্রহ, অন্নম্ভট্ট, নারায়ণ চন্দ্র গোস্বামী কৃত বঙ্গানুবাদ সহ, পৃষ্ঠা-১৯৪।
৬. ভাষাপরিচ্ছেদ, বিশ্বনাথ ন্যায় পঞ্চানন, পঞ্চানন শাস্ত্রীকৃত বঙ্গানুবাদসহ, কারিকা ১৬৪, পৃষ্ঠা-৫৮৭।
৭. “শব্দস্ত্রিবিধঃ - সংযোগজো, বিভাগজঃ শব্দজশ্চেতি।”  
তর্কসংগ্রহ, অন্নম্ভট্ট, নারায়ণ চন্দ্র গোস্বামী কৃত বঙ্গানুবাদ সহ, পৃষ্ঠা-১৯৪।
৮. “কপালাদি পরিমাণাদীনাং ঘটাদি পরিমাণাদ্যসমবায়ি-কারণত্বম্। শব্দস্যপি দ্বিতীয়শব্দং প্রতি।”  
সিদ্ধান্তমুক্তবলী, বিশ্বনাথ ন্যায়পঞ্চানন, কারিকা-৯৭, পৃষ্ঠা-৪৯১।
৯. “অত্র আদ্যো ভেরীদণ্ডসংযোগজন্যঃ। দ্বিতীয়ো বংশে প্যাট্যামানে দলদ্বয়বিভাগজন্যশ্চটচটা শব্দঃ ভের্যাদিদেশমারভ্য শ্রোত্র পর্যন্ত দ্বিতীয়াদিশব্দাঃ শব্দজাঃ।”  
তর্কসংগ্রহ, অন্নম্ভট্ট, নারায়ণ গোস্বামীকৃত বঙ্গানুবাদসহ, পৃষ্ঠা-১৯৪।
১০. ঐ পৃষ্ঠা ১৯৪। এবং,  
“তত্র বর্ণলক্ষণস্যোৎপত্তি ... বর্ণোৎপত্তি”।  
প্রশস্তপাদভাষ্য, শ্যামপদ মিশ্র কৃত বঙ্গানুবাদ সহ, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা-৪৬৯।
১১. “বীচিতরঙ্গন্যায়েন তুদুৎপত্তিস্ত কীর্তিতা  
কদম্বকোরকন্যায়াদুৎপত্তিঃ কস্যাচিন্মতে।”  
ভাষাপরিচ্ছেদ, বিশ্বনাথ ন্যায় পঞ্চানন, পঞ্চাননশাস্ত্রী কৃত বঙ্গানুবাদসহ, কারিকা ১৬৬।
১২. বর্ণ গঠনের দিক থেকে শব্দ বা পদের একক। কয়েকটি বর্ণ মিলে একটি শব্দ গঠিত হয়। শব্দ ব্যাপক অর্থে বর্ণকে বোঝালেও বর্ণাত্মক শব্দের অর্থ থাকেনা। পদই অর্থপূর্ণ। তাই অর্থের দিক থেকে পদই হল শব্দ প্রমাণের একক।
১৩. সাধারণভাবে পদ ও বাক্যকেই শব্দ প্রমাণ বলা যায়। অর্থাৎ এইমতে বাক্য যেমন শব্দবোধের কারণ পদ ও তেমনি শব্দবোধের কারণ হয়। কিন্তু জগদীশ তর্কালঙ্কার প্রমুখ নৈয়ায়িকগণ কেবল বাক্যকেই (পদাধ্বয়) শব্দপ্রমাণ বলেন।
১৪. “তথাহি প্রত্যক্ষেনৈব শব্দধ্বংস প্রতীয়তে”।  
“যে তু একদেশিনো নৈবমিচ্ছন্তি ... ঘট্যভাবাৎ”। ন্যায়কুসুমাঞ্জলি, উদয়নাচার্য, শ্রীমোহনতর্কতীর্থ কৃত বঙ্গানুবাদ সহ, স্তবক-২, পৃষ্ঠা- ১৩৯-১৪১।
১৫. “যোগ্যবিভূবিশেষণানাং স্বোত্তরবৃত্তিযোগ্যবিশেষমন নাশ্যাৎ প্রথম শব্দস্য দ্বিতীয়শব্দেন নাশঃ।  
সিদ্ধান্ত মুক্তবলী, বিশ্বনাথ ন্যায় পঞ্চানন, কারিকা-২৭, পৃষ্ঠা-১২৫-১২৬।  
“তত্র কার্যঃ শব্দঃ কারণশব্দম্ নিরুণদ্ধি” ন্যায়ভাষ্য, সূত্র ২/২/৩৫
১৬. “প্রতিঘাতি দ্রব্য-সংযোগস্তস্য শব্দস্য নিরোধকঃ”। ন্যায়ভাষ্য, সূত্র ২/২/৩৫।
১৭. ন্যায়দর্শন, ফণিভূষণ তর্কবাগিশ, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা-৪৫০।
১৮. ঐ।

## গ্রন্থপঞ্জি

অন্নম্ভট্ট	:	তর্কসংগ্রহ (দীপিকাটীকা সহ)
(১৯৯০)	:	নারায়ণ গোস্বামীকৃত অধ্যাপনা সহিত, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কোলকাতা।
(১৯৭৬)	:	গোপীনাথ ভট্টাচার্য কৃত ব্যাখ্যা সহ, প্রোগ্রেসিভ পাবলিশার্স, কোলকাতা।
উদয়নাচার্য	:	ন্যায় কুসুমাঞ্জলি
(১৯৯৫)	:	শ্রীমোহন তর্কতীর্থ অনূদিত, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কোলকাতা।
গৌতম	:	ন্যায়সূত্র (ভাষ্য, বার্তিক, তাৎপর্যটীকা, পরিশুদ্ধি সহিত)
(১৯৮৯)	:	অনন্তলাল ঠাকুর সম্পাদিত, আই.সি.পি.আর. দিল্লী। ফণিভূষণ তর্কবাগীশ কর্তৃক অনূদিত, ১-৫ খণ্ড, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কোলকাতা।
জগদীশ তর্কালংকার	:	শব্দশক্তি প্রকাশিকা
(১৯৮০-৮১)	:	মধুসূদন ন্যায়াচার্য অনূদিত, সংস্কৃত কলেজ, কোলকাতা।
পতঞ্জলি	:	ব্যাকরণ মহাভাষ্য, পম্পশাহিক,
(১৯০৪ শকাব্দ)	:	দামোদর আশ্রম, কোলকাতা।
প্রশস্তপাদ	:	প্রশস্তপাদভাষ্য
(১৯৮৮)	:	শ্যামাপদ মিশ্র অনূদিত, ১ম ও ২য় খণ্ড, দামোদর আশ্রম, কোলকাতা।
বিশ্বনাথ ন্যায়পঞ্চানন	:	ভাষ্যপরিচ্ছেদ (সিদ্ধান্তমুক্তাবলী সহ)
(১৯৭৭ বঙ্গাব্দ)	:	পঞ্চানন শাস্ত্রী অনূদিত, কোলকাতা।
ভর্তৃহরি	:	বাক্যপদীয়
(১৯৮৫)	:	বিষ্ণুপদ ভট্টাচার্য অনূদিত, পশ্চিমবঙ্গ রাজ্যপুস্তক পর্ষদ, কোলকাতা।

## ■ Book Review

### ON READING A BOOK NAMED *JUSTIFICATION*

[JUSTIFICATION, Sandhya Basu, Progressive Publishers, Kolkata]

It is really a matter of good fortune for any reader to come across this book. A grand feast for the intellect is served and a reader is only to regale himself/herself on it.

The presentation is graded and systematic, 'Justification' is being taken here as one necessary condition of knowledge. The concepts initially discussed are those which are required to justify beliefs constituting knowledge. These concepts have been divided into three classes, namely epistemically positive, epistemically negative and epistemically neutral. The positive concepts are closely associated with the requirement of certainty. Along with the much discussed (and, obviously, much-debated) concepts like 'indubitability', incorrigibility, 'infallibility' and 'certainty', the author has introduced the concept of 'self-justification' (a much required but rarely discussed one) which plays an important role in analyzing empirical propositions. All these concepts form one heliocentric system, the helos being the concept of certainty.

The analysis of the above-mentioned concepts touches upon the rationalism empiricism controversy and passes on to the concept of justification. Here the reader, longing for a fuller discussion of rationalism-empiricism debate in this context, may feel a bit disappointed. What is more, the reader may here stumble on the uses of words like 'belief', 'statement' and 'assertion'; William James would have nodded in glee at the uses of these terms as synonymous, but this sort of use may have its own pitfalls.

At the very beginning of the chapter on 'Concept of Justification' the author assures us that 'Knowledge is possible'. And another important point to be noted here is to quote:

“...there is no act of believing, though  
all beliefs are acquired at some point  
of time or other.”

Clearing her stance on these two points, the author here introduces, almost imperceptibly, the internalist - externalist controversy, which awaits final culmination at the end part of the book. On an enjoyable journey the reader now meets Chisholm (already met earlier), Price and Goldman. Gettier's problem has been revisited here with charming clarity. Next, the reader gets access to the three major theories of justification (namely, Foundationalism as propagated by Chisholm, Van Cleve and Nelson Goodman; Coherence Theory, being surveyed on a huge time span, starting from Spinoza and Leibnitz, going through Neurath, Hempel, Carnap and Lehrer and culminating into a pattern woven by Quine and Davidson; Reliabilism, inculcated by no other than Plato, later on by Descartes, Bernard Williams, Papineau and Goldman). The striking feature of this discussion is that it shows the mutual dependence of all these theories upon one another (an insight miserably absent in the writings of all the luminaries mentioned above).

Now the internalist-externalist conflict comes to the fore and through a very detailed discussion of both the contending parties, the reader arrives at the conclusion that the correct way to look at the two apparently opposing viewpoints is to take them as complementary to each other.

As this book goes on enhancing a reader's expectations, it is not unlikely that a reader, with all the intellectual cuisiness placed in front, may still ask for more. Keeping this over-expectation aside, the present reader can only whisper at the author: 'Very special thanks for giving us the opportunity to read this book; thank you.'

**KUMAR MITRA**

GJ-3710

